সালতানিক সাহিত্যতত্ত্বের আনুপূর্বিক রীতি অনুসরণে বাংলা ভাষায় রচিত
প্রথম এবং মৌলিক পিরামিডাল কবিতার বই

# দগ্ধ হৃদয়

# The Burned Heart



মো. রিদওয়ানুর রহমান



**"Md. Ridwanur Rahman, alias Sultan Mohammad Shamrat Sheikh"**

**A Poet**

**A Thinker**

**A Teacher**

**A Bookworm**

**A Researcher**

ILIM Press
I
Be a Light to Yourself

# দগ্ধ হৃদয়

# The Burned Heart

মো. রিদওয়ানুর রহমান

ILIM Press
Be a Light to Yourself

First Published 2018
First ILIM Press Edition 2025

**ILIM Press**
House-12/1,
New Circular Road,
West Malibagh,
Dhaka-1217,
Bangladesh.

© Copyright-Free for Promotion Only

**ISBN:** 978-984-35-8594-3

# উৎসর্গ

এসেছি ধরায় যাদের জন্য,
যাদের পেয়ে আমি হয়েছি ধন্য।
করেছে লালন মোরে, আজি হয়েছে সহায়,
মা-বাবা ডাকি তাদের, ও সেই প্রভুর দয়ায়।



# সামান্য কিছু কথা

সালতানিক সাহিত্যতত্ত্বের আনুপূর্বিক রীতি অনুসরণে, বাংলা ভাষায় রচিত প্রথম এবং মৌলিক পিরামিডাল কবিতার বই *দগ্ধ হৃদয়* বাংলা একাডেমী আয়োজিত ২০১৮-এর অমর একুশে গ্রন্থমেলায়, শিল্পতরু প্রকাশনী থেকে প্রকাশিত হয়েছিল। এরপর ২০২৫ সালে, **ILIM Press** ই-বুক সংস্করণ হিসেবে পুনরায় প্রকাশ করে। এই গ্রন্থটিতে আবেগপূর্ণ ভালোবাসা এবং মনস্তত্ত্বিক প্রেম সম্পর্কিততত মোট ঊনত্রিশটি ‘পিরামিডাল কবিতা’ রয়েছে। এছাড়াও, এই বইটির পরিশিষ্টে প্রাচীন মিসরীয় পিরামিডের সাথে সামঞ্জস্য রেখে, পিরামিডাল কবিতার জ্যামিতিক কাঠামো ও সাহিত্যের মমি ব্যাখ্যা, এবং প্রণালীবদ্ধ সৃষ্টিকৌশল উপস্থাপিত হয়েছে।

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ১ | ডিডো (Dido) | ৭ - ৮ |
| ২ | তবুও তুমি ইনসান (Desite That, You Are a Mortal) | ৯ - ১০ |
| ৩ | পরিমেয় তুমি (You Are Measurable) | ১১ - ১২ |
| ৪ | শ্রাবণের বরষায় (In the Monsoon of Shravan) | ১৩ - ১৪ |
| ৫ | ভালবেসেছি তোমায় (I Did Love You) | ১৫ -১৬ |
| ৬ | বিপ্রলব্ধ ভালোবাসা (The Jilted Love) | ১৭ - ১৮ |
| ৭ | জীবনের ট্যান্টালাস (Tantalus of Life) | ১৯ - ২০ |
| ৮ | আমি অসহায় (I Am Helpless) | ২১ -২২ |
| ৯ | মৃদু স্পন্দন (The Soft Heartbeat) | ২৩ -২৪ |
| ১০ | দগ্ধ হৃদয় (The Burned Heart) | ২৫ - ২৬ |
| ১১ | কী করে তুমি? (How Would You Do?) | ২৭ -২৮ |
| ১২ | ঘেন্না করি তোকে (I Hate You) | ২৯ - ৩০ |
| ১৩ | দেখো মোরে চেয়ে (Just See Me) | ৩১ - ৩২ |
| ১৪ | রামাদেবী (The Beautiful Goddess) | ৩৩ -৩৪ |
| ১৫ | জিন্দালাশ (The Zombie) | ৩৫ -৩৬ |
| ১৬ | প্রিয়া মোর পরকীয়া! (My Beloved Is My Clandestine Lover) | ৩৭ - ৩৮ |
| ১৭ | তুমি অনন্ত অম্বর (You Are the Endless Heaven) | ৩৯ - ৪০ |
| ১৮ | বুনেছি আমি স্বপ্নজাল (I Have Weaved a Dreamy Net) | ৪১ - ৪২ |
| ১৯ | পরিব বিয়ের তাজ (I Must Wear the Wedding Crown) | ৪৩ - ৪৪ |

| | | |
|---|---|---|
| **২০** | তাহার হিয়ার মাঝারে (Inside the heart of Hers) | ৪৫ - ৪৬ |
| **২১** | সার্থক প্রেমের তরে (For the Sake of Booming Love) | ৪৭ - ৪৮ |
| **২২** | ভালোবাসার হিসেব (Calculation of Love) | ৪৯ - ৫০ |
| **২৩** | কৃষ্ণবিবর (The Black Hole) | ৫১ - ৫২ |
| **২৪** | মনে পড়ে তোকে (I Miss You) | ৫৩ - ৫৪ |
| **২৫** | স্মৃতি, সে তো অভিশাপ ছাড়া কিছু নয় (Memories, Which Are Nothing but Curses) | ৫৫ - ৫৬ |
| **২৬** | অশ্রুহীন বেদনা (Tearless Pain) | ৫৭ - ৫৮ |
| **২৭** | বিধুর সুরতরঙ্গ (Melancholic Melodious Wave) | ৫৯ - ৬০ |
| **২৮** | কে সে জন? (Who Is That One?) | ৬১ - ৬২ |
| **২৯** | চাখি (Chakhi) | ৬৩ - ৬৪ |
| **৩০** | পরিশিষ্ট | ৬৫ - ৮১ |

# ডিডো

করছি অনুনয়,
হাতটি তব, প্রিয় ধরে।
হোক তা মোর আঁসুর বিনিময়,
যেওনা ওগো! আমারে একলা করে।
ছিলেতো তুমি ভুখা, নাচার, আর নিরাশ্রয়,
এসেছিলে কার্থেজে আমার, পিছনে ধ্বস্ত ট্রয়।
দেইনি কি তোহে ছত্রছায়া, সঙ্গে হিয়া জুড়ে ভালোবাসা?
আমিতো তব জীয়নের আশা, কেন তুমি তবে মোর সর্বনাশা?
জমিবে না দুফোটা অশ্রুও মোর তরে, তব আঁখির নীরধরে? ওহে বীর!
যেওনা চলে, ও প্রিয়জন! হাটু গাঁড়িয়া এটাই নিবেদন, করিয়া নত মম শির।
তবুও গলিল না ঈনিয়াস, হইল অকৃতার্থ ডিডোর প্রয়াস, শেষে তরণী তুলিল পাল,
রহিল পিছনে প্রেমের স্মৃতি যত, আর ডিডো? সেতো এক ভাগ্যহত, কেউ দেখিল না তার হাল।
অসুরার আসমান, যেন আচকা উনান, ধীরে ধীরে পরে, নিবিলো লেলিহান, কিন্তু ডিডো! সে যে কোথায়?
বিধির কী পরিহাস! জানিলও না ঈনিয়াস, প্রিয়া যে তাহার বিভূতি হায়! করেছে আত্মহনন সে যে আপন চিতায়।

| Rows | Dido<br>[In classical myth, she is a queen of Carthage (in modern day Tunisia)] |
|---|---|
| **1** | I request you, |
| **2** | To hold your hand, O sweetheart! |
| **3** | Let it be the exchange of my tears, |
| **4** | Do not go, O dear! By leaving me alone. |
| **5** | You were hungry, helpless, and a man with no shelter, |
| **6** | You came to my Carthage, having left back the ravaged Troy (The ancient city of Asia Minor in Turkey). |
| **7** | Did not I give you shelter? Did not I love you with all my heart? |
| **8** | I am a hope of your life, then why have you caused a great harm of me? |
| **9** | Will you not shed two drops of tears for me? O vigorous man! |
| **10** | Do not leave me, O darling! I entreat you by getting on my knees and lowering my head before you. |
| **11** | All the same, Dido failed to melt the heart of Aeneas (A Trozan hero of classical myth), who finally starts his sea voyage, |
| **12** | Aeneas left all memories back; nobody (including Aeneas) looked at unfortunate Dido. |
| **13** | The sky of night suddenly turns into hearth – that gradually gets extinguished, but where is Dido? |
| **14** | What an irony of fate! Aeneas did not know that his beloved became ashes, alas! She (Dido) committed suicide in her own burning pyre. |

# তবুও তুমি ইনসান

শুভ্র তুমি,
তবুও নও পশ্চিমী।
কেশ তোমার ছড়ানো রেশমি,
আঁখি যেন জুনোর মত, মণি বাদামী।
চায় যে ছুঁতে সজল তব, গুলাবি ওষ্ঠপ্রান্ত,
নির্মল হাঁসি তোমার, জাগায় ঊর্মি মনে, হই অশান্ত,
অজানা এক স্বর্গসুখে, চেয়ে রই তোমার মুখে, কত লাস্যময়ী!
তব লাবণ্যের ছলনায়, দেবী ভেনাসেরও তুলনায়, যেন তুমিই শ্রীময়ী।
তবুও তুমি ইনসান, নও লুইস-ম্যারীর সেই খ্যাতিমান, এক হোমো হ্যাবিলিস,
স্রষ্টার তুমি সৃষ্টি, তাঁহারই পানে দেই দৃষ্টি, যেন না পায় ছুঁইতে কভু তোমারে ইবলিস।

| Rows | Desite That, You Are a Mortal |
|---|---|
| **1** | Your complexion is white, |
| **2** | Despite that, you are not a western. |
| **3** | Your hairs are spread silks, |
| **4** | Your eyes are brown and they look like the eyes of Juno (Ox-eyed Goddess of power in Roman myth). |
| **5** | I feel like kissing the edge (upper part) of your wet and pink lip, |
| **6** | Your smile is pure that arouses the wave in my heart to make me restless. |
| **7** | By an unknown heavenly bliss, I keep watching your face, how lovely you are! |
| **8** | By the trick of your beauty, you are more beautiful than Venus (Goddess of love and beauty in Roman myth), |
| **9** | Despite that, you are a mortal, not the eminent *Homo habilis* of Louis-Mary (Louis Leakey and Mary Leakey), |
| **10** | You are a creation of Creator to whom I take a look so that Iblis (Satan) can never touch you. |

# পরিমেয় তুমি

ধন্য আমার দৃষ্টি,
কী যে পরিমেয় তুমি সৃষ্টি!
দুধেতে আলতা মিলে রংগো তোমার,
নেই সাধ্য ঘুরিয়ে নেবার, লোচনটি আমার।
কত কোমল, কত মোলায়েম, তোমার ওই শরীর,
এই লাবণ্য কী অমরার সুনিতম্বিনীর, না কোনো পরীর?
যদি হাস্য তব হয়, নূহের নৌকো, নয়নানীর হবে মহাজোয়ার,
তব শ্বাসের ঝড়ে, কালো কেশ যায় না উড়ে, না ডুবে নাসিকাপাহাড়।
সুনিপুণ হাতে জ্যামিতিক আকার, আঁকিয়াছে এক নিরাকার, দেয় দোলা চিত্ত,
ললাটে তব লাল সুরজ, তিমির শাড়ীতে তোমার, ভেনাসের উরজ, দুটি চারু বৃত্ত।
তব এ রূপ মম স্বান্ত টানে, তাইত রই চাহিয়া, তোমারই পানে, সেতো আদৌ মেকি নয়,
নও তুমি নর ওই ভিটরুভিয়ান, যে কিনা ভিন্‌সির আঁকা ইনসান, তবুও অনুপাত তব স্বর্ণময়।

| Rows | You Are Measurable |
|---|---|
| **1** | My sight is blessed, |
| **2** | As a creation, what a measurable you are! |
| **3** | Your complexion is blended with milk and rosy-dye, |
| **4** | I am completely unable to remove my sight from you. |
| **5** | Your body is not only very soft but also very smooth, |
| **6** | Is the beauty of amatory rump-holder of the paradise or of the fairy? |
| **7** | If your smile is the ark of Noah, your tears will be the greatest flood, |
| **8** | By the tempest of your breath, your black hairs do not fly and nose-mountain does not get submerged. |
| **9** | My heart is beating due to the nice and skilled geometric shape that was drawn by the Shapeless One (God), |
| **10** | There is the red sun on your forehead, in your dark sari, the breasts of Venus, two attractive circles. |
| **11** | This face of you drags my heart, for this reason, I see your beauty that is not counterfeit at all, |
| **12** | You are not that Vitruvian Man, which was painted by Vinci (Leonardo da Vinci), despite that, your ratio is golden [Phi (Φ) = 1.618]. |

# শ্রাবণের বরষায়

হৃদি চঞ্চল,
যেন হৃদয়ে বাদল।
শ্রাবণের সেই মিষ্টি হাওয়ায়,
দেখিয়া যেন তারে, হিল্লোল বয়ে যায়।
তিলোত্তমা সে যে, অঙ্গসুষমা তার, ভরা নুর,
অগম্যরূপ যে তাহার, যেন সেই এক জান্নাতের হুর।
তাকে নিয়েই সব, শুধু করি অনুভব, স্বপনের এক অমর্ত্য শাঙন,
একদিন দেখি হঠাৎ, ধরিয়া সে যে অন্যের হাত, কাঁপিয়া মম আঁত, হইল ভাঙন।
কী বলিব আমি যে আর, কেন একখানা হাহাকার, মনোমন্দিরে আমার, যেন রক্তরঞ্জিত শাত,
দেখিল সে আমারে যখন, সিক্ত যে আমি তখন, মাথায় বরিষণ, শুধু পাহিল না দেখিতে সে, আঁখি বরষাত।

| Rows | In the Monsoon of Shravan |
|---|---|
| **1** | My heart is restless, |
| **2** | There was a foul weather in heart. |
| **3** | In the sweet wind of Shravan (fourth month of the Bengali calendar), |
| **4** | Whenever I see her, wave flows. |
| **5** | She is stunning; her physique is full of brightness. |
| **6** | She is the paragon of beauty as a celestial nymph. |
| **7** | Making a divine Shangon (fourth month of the Bengali calendar) in whim, I feel her with all my heart. |
| **8** | Suddenly one day, I saw her holding someone’s hand, which made my heart smashed by trembling. |
| **9** | I lost my word, (because) temple of my heart was doomed by the blood-spattered stab, |
| **10** | When she noticed me, I was being drenched by the rain, (that’s why) she could not see the rain of my eyes. |

# ভালবেসেছি তোমায়

ভালবেসেছি তোমায়,
আপনার এ মনের অজান্তে।
নয়নেতে ভাল লাগা হৃদয়ানুভূতি এক,
তবু হৃদি আছে পড়ে, ফেলে আসা রাহার প্রান্তে।
চিত্তে আমার সেই প্রতিমা তুমি, নেই যার কান্ত আঁত,
পারেনি গলাতে হৃদয়কন্দরটি তোমার, মম নেত্রবারিপাত।
স্বপন আর সুখাসনের দোলায় যেতাম হারিয়ে একদা দূর সীমানায়,
বীতনিদ্র স্বপ্নজড়িমায় রেণুকণা ছিল ওই সকল, আমার অবিস্মৃতির আয়নায়।
হৃদাকাশের মাঝে ছিল মোর একখানা রঙিন মোকাম, যেটা ভেঙে করেছিলে আমায়, তাড়সে কাতর,
কায়রাকানা তুমি! পাওনি দেখিতে মম সেই রং, পাওনি বুঝিতে মোর সেই মোকাম, হেতু দিলটি তব পাথর।
আমি নির্ধন, তাই চাইনা হতে তব মুখোমুখি, চাইনা তোমায় পেতে, মোর মানসে তুমি চলমান ছবি, তোমায় নেই হারানোর ভয়,
জেনে হৃষ্ট আমি এক সুহৃদের মারফতে, ঐশ্বর্যের মাঝে আজ জীবনচর্যা তোমার, তবুও কেন জানি তোমাকে, বড্ড দেখতে ইচ্ছে হয়।

| Rows | I Did Love You |
|---|---|
| **1** | I did love you, |
| **2** | With no knowledge of my mind. |
| **3** | It is just a pleasant feeling of soul in my eyes, |
| **4** | Despite that, heart is on the path that has been left by me. |
| **5** | You are my heart's that idol, who does not have a soft heart, |
| **6** | My tears did fail to melt your heart. |
| **7** | Once, I used to lose myself far away because of the dream and bliss, |
| **8** | These were the dusts of daydream that comes time and again in the mirror of memories. |
| **9** | There was a colorful home inside my heart, which was broken by you and made me distressed with sorrow, |
| **10** | You were color blind, you could not see my that color, could not realize my that house (feeling), because your heart was stone. |
| **11** | I am indigent, that is why, I do not want to gain you, you are the moving picture in my heart, I am not afraid of losing you. |
| **12** | I am happy to know from one of my pals that your life is in lots of riches, despite that, I do not know why? I feel like seeing you eagerly. |

# বিপ্রলব্ধ ভালোবাসা

সুললিত কায়া তব,
মোর মরমের তমোনুদ।
তপ্ত আমি, তব প্রেমের শাপে,
যেন জ্বালিয়েছে এ জ্বলন, ওই নমরুদ।
একদিন ভুলিয়া তোমারে, পাহিলাম নব্য একজনেরে,
হইল শীতল, হিয়ার পিঙ্গল, ঠিক ইবরাহীমেরই মত করে।
শুরু হইল পুনরায়, ভালোবাসার আরেকটি অধ্যায়, বাজিয়া মর্মে কদ,
যখনই সে রয় পাশে, মম মনে মুসা, তখনই ভাসে, যেন নীল রঙের নীল নদ,
নীল নদের সেই নীল বর্ণ, লুকিয়ে যেথায় দুঃখ পরিপূর্ণ, ছিল তা অজানা যে হায় মোর!
না হলাম কান্ত তাহার, দোসরা রামেসিস্ হইয়া এবার, পেলাম দুখণ্ড দিলের লোহিত সাগর।

| Rows | The Jilted Love |
|---|---|
| **1** | You had attractive physique, |
| **2** | That was the fire of my heart. |
| **3** | I was heated by the love of your curse, |
| **4** | (That's why) I was being burnt by the fire of Nimrod. |
| **5** | One day, I forgot you, (because) I got new one, |
| **6** | My heart's fire became cool, just like Abraham. |
| **7** | Another part of my love was begun by playing pipe in heart, |
| **8** | Whenever she stayed with me, Moses floated in my wavy mind as if it were the blue Nile river. |
| **9** | Blue color of the Nile river was the full of sorrow, unknown to me, Alas! |
| **10** | I could not be the spouse of her, that time I turned into Ramses II and got the two divided Red sea of my heart. |

# জীবনের ট্যান্টালাস

মনুষ্য যাহা চায়,
তাহাই কি সদা সে পায়?
দিবস কি পারে ছুঁতে কৃষ্ণ রাত?
তমোহর কি পায় কভু চন্দ্রিমার হাত?
সাগর-নদীর জোয়ার-ভাঁটা, আদৌ কি স্বাধীন?
নয় কি আদতে তাহারা, রাকা আর অমাবস্যার অধীন?
অরুণগ্রহণে, সেলিনি পেরেছে কি থামাতে, হেলিওসের ঝলক?
নয় কি তাহা দিবার আলোকে, রা-এর দুই পক্ষ ছড়ানো সৌরগোলক?
পয় যদি জীবন হয়, জীবন মানেই ট্যান্টালাসের মুখে, জল পৌঁছাবার নয়,
তবুও অদৃষ্ট মেনে নিয়ে, নিজ কার্যের মধ্য দিয়ে, আসুক এক অমরত্বের বিজয়।

| Rows | Tantalus of Life |
|---|---|
| **1** | Whatever a man wishes, |
| **2** | Does he always get that? |
| **3** | Is the day able to touch the blackish night? |
| **4** | Does the sun get ever the hand of the moon? |
| **5** | Are the flood-tide and ebb-tide of rivers and seas really independent? |
| **6** | Are not they under the control of the full moon and the moonless night in darkness? |
| **7** | In the solar eclipse, was Selene (Greek Moon-Goddess) able to stop the shining of Helios (Greek Sun-God)? |
| **8** | Was that not the solar disk of two spread wings (  ) of Ra (Egyptian Sun-God) in the daylight? |
| **9** | If water is life, life means the water will not reach to the mouth of Tantalus (a Greek mythological character, who is famed for his eternal punishment), |
| **10** | All the same, to accept the fortune, we should try to get the victory of immortality through our own labors. |

# আমি অসহায়

করে নর তপস্যা,
পিয়ার ভালোবাসা পেতে।
আমিও বেচারা করছি সাধনা,
বিধির পরিহাসে, ভুলে তোমারে যেতে।
ভালবেসেছি তোমাকে, রয়েছে তাই কিছুটা আক্ষেপ,
যাবে যদি চলেই জীবন থেকে মম, কোরোনাকো কালক্ষেপ।
ভেসেছি আমি সুস্বপনের গগন মাঝে, দেখে তব আস্যের সুরূপ,
যেই আস্যের মাঝে, লুকিয়ে আছে রুধিরাক্ত করোটির বীভৎস রূপ।
খোয়াবের দেওয়ালে এঁকেছি আমি, কত যে রঙিল ছবিতা তোমায় ঘিরে যত,
হৃদিপটের পিরামিডে জীবৎ মমি হয়ে রয়েছে, ওই সকল ইয়াদগুলো মোর, শত শত।
যেতে চায় চলে যেই জন, সেতো যাবেই চলে, কী লাভ? করে হায় হায়! আমি যে প্রচণ্ড অসহায়,
অশ্রুমুখী কনীনিকায়, আছি চেয়ে তোমার বিদায়ের বীথিকায়, ভেঙে দিলটি যেন আমার, চুরমার হয়ে যায়।

| Rows | I Am Helpless |
|---|---|
| **1** | Mortals constantly put into practice, |
| **2** | To gain the love of darling. |
| **3** | I am wretched, and persevering as well, |
| **4** | To forget you, what an irony of fate! |
| **5** | I did love you, that is why, I regret, |
| **6** | If you want to get out of my life, do not delay. |
| **7** | I did float on the sky of nice dream having seen your beautiful face, |
| **8** | Inside the face, horrible look of bloody skull is concealed. |
| **9** | Concerning you, I depicted a lot of shaped poems on the dreamy wall, |
| **10** | Those numerous whims of mine have become the mummies that are alive in my heart’s pyramid. |
| **11** | Someone who wants to go, this must go, what will be? To mourn, I am so helpless, |
| **12** | By the tearful pupils, I am looking at the way of your departure, I can feel my heart is smashed. |

# মৃদু স্পন্দন

একা আমি,
সাথে মর্মাহত মন।
কাঁদে ত্রিদিব আমার তরে,
তামাম এ ধরাধাম, অখণ্ড নির্জন।
মম দুঃসময়, খুঁজছি তাই আমি তোমায়,
মোদের বৃষ্টিভেজা ও লগ্নগুলো মর্ম ছুঁয়ে যায়।
স্মৃতি আর স্বপনে উঠেছে ভরে, মোর উরসের খেদ,
আজও ব্যথা দেয় আশয়ে, মোদের অভিশপ্ত সেই বিচ্ছেদ।
মধ্যরাতে ঘুমহীন নয়নায় মম তুমি নীর, যদিও তা অরণ্যে ক্রন্দন,
স্বর্গীয় প্রতিমা তারপরও আমার তুমি, মোর হৃদয়পিঞ্জরের মৃদু স্পন্দন।

| Rows | The Soft Heartbeat |
|---|---|
| 1 | I am solitary, |
| 2 | Wounded heart is my companion. |
| 3 | Only the sky cries for me, |
| 4 | The whole world is completely soundless. |
| 5 | Time of distress of mine, that is why, I am looking for you, |
| 6 | The times, when we became wet together in the rainy season still touch my spirit. |
| 7 | Lots of memories and dreams have loaded my heart with sufferings, |
| 8 | Which still pain my heart because of that cursed separation of you and me. |
| 9 | At midnight, you are the tears of my sleepless eyes, though that is to cry in the wilderness, |
| 10 | All the same, you are my divine idol, my heart’s soft beat. |

# দগ্ধ হৃদয়

ছিল সে মোর,
সেই কৈশোরের পরে।
হৃদয়মন্দিরে ঐ মন্দিরাটি,
বেজেছিল যখন কিউপিডের শরে।
সুস্বপনের মাঝে এক সুশোভন শোভায়,
ছিল হৃদাকাশ চনমনে মোর, মিহিরের প্রভায়।
একাকিত্বের অভিশাপ রয়ে গেছে আজ সহজ নিয়মে,
স্মৃতিতে জ্বলে দাউ দাউ মানসটি আমার তপ্তকুণ্ডের ওমে।
আমি চিরজাহান্নামী, হৃদি মোর দগ্ধ ধরায়, পরলোকে পুড়বে শব,
প্রিয়ভাব হয় যদি পাপ, কেন দিয়েছো ভাবজগৎ মোরে? হে সর্ববলী রব!
সেই বর্ণালী দিনগুলোর বিরহে, বসুধা মোর তাকে ছাড়া আজ শুধুই অগ্নিকুণ্ড,
ধূপের মত নিঃশব্দে ছাই হয় পুড়ে, আর ছড়ায় পুড়নটির বিষবাষ্প, আমার হৃৎপিণ্ড।
আজি নয় সে রানী আমার কল্পলোকের, তবুও তুরীয়ানন্দে সে অন্য নীড়ে, এই মোর দৃঢ়বিশ্বাস,
অতীত তারুণ্যের সেই উচ্ছলতা, আর ভালবাসার স্বর্গসৌরভ, আজ মম দগ্ধ হৃদয়ে, কেবলই দীর্ঘনিশ্বাস।

| Rows | The Burned Heart |
|---|---|
| **1** | She was mine, |
| **2** | After the period of my boyhood. |
| **3** | That cymbal of the heart of mine, |
| **4** | Was rung that time by the arrow of Cupid (Roman God of Love). |
| **5** | Loveliness was surrounded by the beautiful dream, |
| **6** | My heart was pleasant due to the light of the sun. |
| **7** | The curse of loneliness exists naturally at present, |
| **8** | Around the memories, my heart is burned by the heat of firestorm. |
| **9** | I am a hell's dweller for ever, my heart has been burned on earth, and my corpse will be burned in afterlife. |
| **10** | If love is offence, then why did you present me feelings inside the heart? O almighty God! |
| **11** | Owing to the separation of colorful days, without her, my world is only the place of suffering. |
| **12** | Like resin, heart of mine becomes ashes by burning silently and spreads out its poisonous vapors. |
| **13** | Today, she is not the queen of my dreamy world, despite that I strongly believe, she is happy at the home of another man. |
| **14** | The pleasure of the past youth, and the divine grace of love are merely my deep breath of burned heart at the moment. |

# কী করে তুমি?

মনোমোহিনী তুমি,
মোর কণ্ঠের বিষাদী গীত।
ভস্মাধার, হৃদয়টি আজ আমার,
তুমি মম অজপার, এক দাহিত অতীত।
তবে বলো পিয়ারী! কী করে কাঁদাবে তুমি আমায়?
ফুরিয়ে গেছে এক পারাবার জলকণা, মোর দুটি নয়নায়।
কী করে ভাঙবে তুমি, সারাটি জীবন ভর, মোর বিচূর্ণ অন্তর?
যবে করেছিলে মোহে পর, ভেঙেছিলো সেই দিন হৃদয়ঘর, নয়কো নিরন্তর।
গভীর বেদনায় মগ্ন মোর অখণ্ড হৃদাকাশ, কী করে করবে আমায় শোকজীর্ণ তুমি?
স্মৃতি-গোখরার মধুময় ছোবলে অদ্য বিষময়, আপন এ হৃদয়, শুধুই শোকজর্জরিত আমি।
চাও যদি দিতে মোরে কদাচন, একবিন্দু সুখের স্পর্শন, চেওনা তবে মার্জনা, এসো না কদাপি ফিরে।
জ্বলতে শিখেছি আমি আশার প্রদীপ হয়ে, বাঁচতে শিখেছি আমি জীবনের পরাজয়ে, এই মনুষ্যকুলের ভিড়ে।

| Rows | How Would You Do? |
|---|---|
| **1** | You are conspicuous, |
| **2** | You are the sad song of my voice. |
| **3** | Today, my heart is the urn of ashes, |
| **4** | You are the burned past, exists in my breaths. |
| **5** | Then tell me, O dear! How would you make me cry? |
| **6** | Oceanic tears have been run dry in my two eyes. |
| **7** | How will you break my broken heart everlastingly? |
| **8** | When you left me, my heart got broken that time, which is not constant. |
| **9** | My whole heart is in deep sorrow; how will you make me grief-stricken? |
| **10** | By the sweet snaps of memory-cobra, my heart is venomous today; I am merely afflicted by the severe sorrows. |
| **11** | If you want to give me a little peace sometime in the future, then do not apologize to me and never return to me. |
| **12** | I have learnt being burnt to be the lamp of hope; I have been learnt by the defeat of life to survive in this human society. |

# ঘেন্না করি তোকে

সিক্ত মম আঁখি,
যখনই মুকুরে নয়ন রাখি।
যাচ্ছে বয়ে নেত্রবানে নুনগোলা সব পানি,
যাক ভেসে তোর সকল স্মৃতি নিয়ে সকল গ্লানি।
পাই দেখিতে তোর মিষ্টিহাসি মোর মানসলোকে এইতো,
গরলে মাখা হসনটি তোর আজ, দেয় পীড়া অহর্নিশ মোহে সেইতো।
তোর তরে মোর হৃদয়, হয়েছে যে কলঙ্কময়, আজও উপহাস করে লোকে,
কত মেঘপুঞ্জ ঘেষে, নীলিমায় ভেসে ভেসে, তবুও চেয়েছি ভিষণ আমি তোকে।
ছিলি তুই আমার জীয়নপাখি, মানসতার এক তীক্ষ্ণ আঁখি, মম আত্মারও তুই জান,
হয়েছি ক্রুদ্ধ মোর নসিবের পথে, করেছি যুদ্ধ আমি প্রণয়ের সাথে, শেষে গড়েছি শ্মশান।
তুই রাখিসনি কথা, করেছিস চূর্ণন, আমাদের প্রীতির এক পবিত্র পণ, তুই হৃদয়ে দহন রাশি রাশি,
চলে যা মম চিত্তরাজ্য থেকে, ঘেন্না করি আমি তোকে, ঘেন্না করি তোর সমস্ত কিছু, যা কিছু আমি ভালোবাসি।

| Rows | I Hate You |
|---|---|
| **1** | I find my eyes wet, |
| **2** | Whenever I see the mirror. |
| **3** | Salt blended waters are flowing through the flood of eyes. |
| **4** | I am allowing the all memories of you to drift away with all exhaustions. |
| **5** | I can still see your charming smile in my whimsical mind, |
| **6** | Today, your smile is mixed with poison that hurts me all the time. |
| **7** | For the sake of you, my heart has been outraged, people still poke fun at me, |
| **8** | I floated around the clouds of blue sky, in spite of that I wanted to get you seriously. |
| **9** | You were my life-giving bird, (you were) a sharp sight of my mind, you were the soul of my soul, |
| **10** | I became angry with my fate, I fought againt the feeling of love, and I established a cremation ground finally. |
| **11** | You broke the sacred promise of our love, (now) you are the severe burning pain of my heart, |
| **12** | Get out of my whimsical mind, I hate you, I hate your all those things that I love. |

# দেখো মোরে চেয়ে

নয়ন মেলে মোরে দেখো
তব চোখ মম লোচনের মাঝে রাখো।
দেখিবে আমার গহন আঁখি, উনুন সেতো নয়,
তবু অনল জ্বলে মোর নেত্রে এক্ষণ, লাকড়ি মম হৃদয়।
অক্ষি তোমার ধর মেলে আস্য পানে মোর, কোনো এক অজানা প্রতিক্ষায়,
অপেক্ষার প্রতি ক্ষণে, তব অপলক নয়নে, দেখিবে বদন কত রোষিত দেখায়।
উরস জুড়ে ছিলে একদিন প্রেমাগ্নি তুমি মোর, নীলাভ এক মনোসমুদ্রের সীমানায়,
আজিকে দেখো চেয়ে মম সেই মনোসমুদ্রে, দেখিবে শুধুই ঘৃণার প্লাবন ধমনির মোহানায়।
মোর মস্তকের ঝিকুরে কবে যেন গেঁথেছি, একটি প্রণয় হতে পরিণয়, রচেছি মোদের মধুযামিনী গান,
দেখো চেয়ে আজ মোর ঝিকুটমাথা, মেলে তোমার অক্ষিপাতা, তোমায় ভুলিতে শুধু করছি হনন অদ্যাবধি তব প্রাণ।
একটি কথাও বলিওনা তুমি আর, চংক্রমণকারী মৃত আত্মা তুমি, আজিকে মোর চিত্তধরার, খালি নির্বাক রয়ে, দেখো মোরে চেয়ে,
জ্যান্ত তুমি, শুধু অন্যের পুষ্প-শয়নকক্ষে, যেটা তোমারি তিরোধান আমার এই রক্তাক্ত বক্ষে, তাই সদা থাকো চেয়ে, লাশের মত নিথর হয়ে।

| Rows | Just See Me |
|---|---|
| 1 | Extending your eyes, just see me, |
| 2 | Keep your eyes in the eyes of mine. |
| 3 | You will see then my unfathomable eyes, which are not the furnace. |
| 4 | Despite that, there is burning fires in my eyes, and my heart is firebrand. |
| 5 | Keep watching my face till uncertain time, |
| 6 | Time to time, you will continuously notice my furious face. |
| 7 | Once, you were the dearest love of my heart in the whimsical blue sea-shore, |
| 8 | Today, notice my whimsical sea, where you will witness the flood of hatred at the mouth of artery. |
| 9 | Once, in my fantastic brain, I engraved the incidents of our love and marriage, and I wrote the songs of our honeymoon, |
| 10 | Now, by means of your eyes, behold the brain of my head, where you will find that I am constantly killing you in order to forget you. |
| 11 | Do not say any word any longer, you are now a roaming dead spirit inside the world of my heart, be silent and just see me, |
| 12 | You are alive (now) at the floral bedroom of other man, that stands for your death in my bloody heart – therefore, keep seeing me like a mopish corpse. |

# রামাদেবী

মশালটিরে হাতে নিয়ে,
রয়েছি কেন আঁধারেতে দাঁড়িয়ে?
কেন যে হৃদয়ে যেন, এ কেমন ব্যথা?
আযোধনে আলপথে একা, নেই কোনো যাতা।
দীপিকা হাতে, অমাবস্যা এ রাতে, দেখা দিল বিধু,
সুস্মিতা সে যে, রয়েছে বিয়ের সাজে, সুনেত্রা সে বধূ।
শুধিলাম আমি তারে, চিনি কি তোমারে? ওহে মনের মোহিনী!
জানাইল সে আমারে, চিনি নাকি আমি তারে, দিয়ে তার অকলুষ চাহনি।
কহিল সে আরও মোরে, দেখেছি তারে, আজি বাসরে, ছিল সে ঘোড়ায় চড়ে,
সে ছিল মাতাল, চারিদিকে বাদ্যের তাল, মরিতেই হবে তারে, চিতার মধ্যে পুড়ে।
পড়িল তব মনে, আরে এতো সেই মেয়ে! দেখেছিলাম যারে চেয়ে, মেঠোপথের এক কোণে,
ছিল যেথায় কতশত লোক, ছিলাম যে আমিও, এক সভ্য দর্শক, ছিলনা কেউ ঐ মানবীর সনে।
উঠিল বলিয়া সেই যোষিতা, আজ দেবী নাকি সে, প্রয়াত পতিব্রতা, ছিল যে একদিন, স্বীয় স্বামীর জুতা,
রাখিবে না কেউ মনে, তাহার এ মরণ, নামহীন হয়েও সে, হবে বিবরণ, নামটি নাকি রইবে আমার 'বতুতা'!
খুলিল আঁখি তখনই আমার, তাঁবুতে শুয়ে আমি, বাইরে আঁধার, নেই কোথাও ওই রামা, পাশে শুয়ে মম সফরনামা।

| Rows | The Beautiful Goddess |
|---|---|
| **1** | To take a torch in hand, |
| **2** | Why am I standing in darkness? |
| **3** | Why is unknown pain in my heart? |
| **4** | I am alone on the river's bank of Ajodhan (now Pakpattan, an ancient city of northern Pakistan), where is no passer-by. |
| **5** | Taking a lamp in hand, at this moonless night, the moon appears, |
| **6** | She is actually a bride, who is in her wedding dress and she has a nice smile and good-looking eyes. |
| **7** | I ask her, do I know you? O charming lady! |
| **8** | Looking at me with her innocent eyes, she replies that she is known to me. |
| **9** | She informs me more, she was sitting on a horse, seen by me in the daytime of today, |
| **10** | She was intoxicated, various musical instruments were being played that time, and she must die by being burnt on the funeral pile (with her departed husband). |
| **11** | Having heard her words, I can recall her, who was that maiden whom I saw on the path of field, |
| **12** | Where many people were standing, I was also there as a decent onlooker, no one tried saving that lady. |
| **13** | At this time, she declares herself as not only a today's goddess but also a dead chaste wife, who was once the shoe of her own husband when she herself was alive, |
| **14** | Nobody will bear in mind her this kind of demise, in spite of being nameless; she will be a description, only my name will remain as 'Battuta' (The famous Moroccan traveler Ibn Battuta)! |
| **15** | At that moment, I wake up from sleep, I notice that I am lying inside the tent, darkness is outside, that beautiful lady is nowhere, my travelogs (*The Rihla*) are lying beside me. |

# জিন্দালাশ

ভাঙে মম হৃদয়,
স্মৃতি তোর যখনই মনে হয়।
ছিলি তুই একদিন মোর হিয়ার রবি,
আজ কেন তোর নয়নে মোর যাতনার ছবি?
আশা করি আছিস সুখে, হোকনা সেটা অন্যের ঘরে।
কেন এলি মোর জীবনে আরেকবার? বেশতো ছিলি সুদূরে।
দুঃখ করিসনে প্রিয়া! নই আমি আজ একা, যমের সাথে মোর বাস।
জীয়নটা তোর শুরু মাত্র, ভুলেযা মোরে চিরতরে, আমিতো জিন্দালাশ।
এগিয়ে যাবি তুই জীবনে, তোর ভুবন মাঝে উঠবে গড়ে আনন্দের উচ্ছ্বাস।
তোর স্মৃতিপটকে আগলে রেখে, চলব পথ আমিও, কিন্তু সেথায় শুধুই বিনাশ।
তুই নির্বোধ! কলিযুগের মানব আমি, তোর কোমল নিষ্ঠুরতা অদ্য নয় মোর সর্বনাশ।
বিধ্বস্ত জিন্দিগির চলার নিগমে, আমি অধুনার অর্বাচীন, হৃদয়হীন এক লড়াকু জিন্দালাশ।

| Rows | The Zombie |
|---|---|
| **1** | My heart breaks, |
| **2** | When your memory comes to mind. |
| **3** | One day, you were the sunlight of my heart, |
| **4** | Why does the suffering picture of mine appear in your eyes? |
| **5** | I hope, you are happy, it does not matter, you are in the home of someone else. |
| **6** | Why have you come in my life once again? You were fine far-away from me. |
| **7** | Do not be sad, darling! I am not alone today, death is living with me. |
| **8** | Your life just begins; forget me for ever, I am now a zombie. |
| **9** | You will go ahead in life; the life of yours will be full of joy. |
| **10** | I will also go ahead, accompanied by your memory, but there is destruction on my way. |
| **11** | You are fool! I am a modernistic man; your mild torture is not today’s loss of everything of me. |
| **12** | On the path of ruined life, I am a modern youth, heartless, and zombie with fighting spirit. |

# প্রিয়া মোর পরকীয়া!

সাতটি নিরয়,
নেইরে মনে ভয়,
করিব সেথায় চিৎকার,
'ভালবাসি তোহে' কহে বারবার।
জনধার তাত, জানি ছোঁয়না জান্নাত,
না পাইলে তব হাত, স্বর্গেও পুড়িবে আঁত।
পূর্ণিমার ও গগন, চৈত্ত শিহরণ, তব তরে প্রিয়া!
কাঁপুক হৃদয়, চাইনা যামী অমাবস্যাময়, হও পরকীয়া।
দেখেছিলে তাহার নীল হৃদাকাশ, কৌড়ি যাহার দীপ্ত নক্ষত্রমালা,
করেছিলে শাদি তারে, ভেবে যামিনীপ্রকাশ, বুঝিলে তুমি পরে, কেমন শালা!
পতি শশলক্ষণ, পরিতাপ তোমার এক্ষণ, দেখিয়া রৌদ্রালোকিত গগন, কালচে আচ্ছাদন,
তাহার তারকিত সব ধন, দেখায়না তোমায় আদপে কিরণ, নেই যে তব জীবনে আমি, হইয়া বাতাবরণ।
গুলিস্তাঁর বাণী হয়ে, সাদীর বোলে কহিলে মোহে: 'নেবনা কুসুম, কুশ্রীর দান, পাহিলে পেঁয়াজের ঘ্রাণ, সুশ্রী তব মুখে'।
তবে এস ফিরে, শক্ত করে জড়িয়ে মোরে, চিরতরে ছেড়ে তারে, পরিণাম যদি হয়, ঢিলবারিতে মোরা রক্তময়, হবেরে মৃত্যু সুখে।

| **Rows** | **My Beloved Is My Clandestine Lover** |
|---|---|
| **1** | Seven hells, |
| **2** | Which cannot terrify me, |
| **3** | I shall scream there (in hell) |
| **4** | (And) I will declare ‘I love you’ again and again. |
| **5** | I know the heat of hells can never be touched by paradises, |
| **6** | If I do not get your hand, my heart will be burning in paradise, |
| **7** | That sky of the full moon stimulates my heart (Iatromathematically) for you, O sweetheart! |
| **8** | Let my heart be shivered, I do not want the moonless night, be my clandestine lover. |
| **9** | You saw his (beloved’s husband) blue heart-sky, where his (beloved’s husband) riches were the bright constellations, |
| **10** | Having considered him as the moon, you married him, later you realized that what a scoundrel he was! |
| **11** | Your moon-husband in the sunny sky covered with darkness (the real scene on the moon) is now your regret, |
| **12** | All of his starry riches do not show lights (the real scene on the moon) in any way, (because) I am not in your life as the atmosphere (astronomically). |
| **13** | Becoming the word of *Gulista*, like Sadi (famous Persian poet), you announced: ‘I will not receive the flower, given by an ugly man, if I get the smell of onion from your lovely face’. |
| **14** | Then come back, hug me tightly, leave him (beloved’s husband) for ever – as a consequence, if we become blood stained by the shower of throwing stones, demise will be held happily. |

# তুমি অনন্ত অম্বর

মুক্ত কেশ,
এক রজনীর রেশ।
নয়নী তব, দুটি কৃষ্ণগর্ত,
হাসি যেন বালশশী, ধন্য এ মর্ত্য।
ভাসি মোরা, মিলিলে অক্ষিতারা, মহাকর্ষ তরঙ্গে,
পরেছো নীল শাড়ি, নিবৃত তুমি নারী, ছায়াপথ অঙ্গে।
বাজে বায়ুমণ্ডলে সুর, যায়রে যত দূর, তোমার ওই নিঃশ্বাস,
হলে মঙ্গল দেহকাণ্ড তোমার, দ্বিত্ব পয়োভার, ঐ ডিমোস, ফোবাস।
বিড়ালের নেত্র নীহারিকা, তোমার সৃক্কণী, গুলাবেতে রাঙা আজ, অধররঞ্জনী,
বল যবে তুমি বুলি, পিথাগোরাসের গোলকগীতি, গায় গ্রহগুলি, বাজিয়ে বীণার ধ্বনি।
এসেছিলে ধরাতলে, নিলে নাম কুমু, ইলাহিরে শুকরিয়া, রাখি পদে চুমু, এগারোই নভেম্বরে,
হৃদয়ের তুমি আগ, দাও যদি হাসি, পুরুষের ও পূর্বরাগ, এক বৃশ্চিকরাশি, অনশ্বর অনন্ত অম্বরে।

| Rows | You Are the Endless Heaven |
|---|---|
| **1** | Free hairs, |
| **2** | Touch of a night. |
| **3** | Your eyes are the two black holes, |
| **4** | Your smile is the crescent moon that has blessed this earth. |
| **5** | When we gaze into eyes each other, we float on the gravitational waves, |
| **6** | You are covered by your blue sari, which has created the galaxy in your whole body. |
| **7** | Circumference of your breath makes the layers of atmosphere on earth, where sounds are made, |
| **8** | If your torso is the planet Mars, then your two breasts are the two satellites called Deimos and Phobos. |
| **9** | Your lips are the Cat's Eye Nebula, because the lipstick has made your lips scarlet rose today, |
| **10** | When you say words, the all planets sing the Pythagorean song of spheres by playing the harp. |
| **11** | Having come on earth, 'Kumu' has become your name, I give thanks to God and kiss on His feet on 11$^{th}$ November, |
| **12** | Your smile makes the fire of heart; you are the feelings of love among the men as a Scorpio in the eternal endless heavens. |

# বুনেছি আমি স্বপ্নজাল

তনুরুচি তোর,
একটি তরুণিমার কানন।
মোর অপঘনের মাঝে কোথায় যেন,
করে শুধু ধুকপুক, ভাসে যবে চোখে তোর আনন।
বপুটি আমার হৃদির আধার, তুই মোর হৃদয়ের বেপন,
তোরই মাঝে পাই খুঁজে অদেখা দ্যুলোক মম এক একটি ক্ষণ।
পুরো অন্তর মদীয়, দিয়েছি যে আমি তোকে, একটুও নেই আর বাকি,
আপনার মানসলোকে, নিয়ে তোকে, কামগন্ধহীন প্রেমের কত যে চিত্র আঁকি।
চিত্তগুহার গহীনে জমে থাকা অজস্র স্মৃতি মোদের, ওঠে নড়েচড়ে ভালোবাসার স্রোতে,
মোর দুটি নয়নতারায় বুনেছি আমি, সুখদ ঘরবাঁধার এক সুরঞ্জিত স্বপ্নজাল, তোর নেত্রদ্বয় হতে।

| Rows | I Have Weaved a Dreamy Net |
|---|---|
| **1** | Figure of yours, |
| **2** | Is a garden of youth. |
| **3** | Somewhere, in my body, |
| **4** | The sounds like dhukpuk take place, when your face comes before my eyes. |
| **5** | My body is the container of the heart; you are the beat of my heart, |
| **6** | I find out my unseen heaven in you each and every time. |
| **7** | I have given you my whole heart, nothing is remaining, |
| **8** | Around my feelings, I portray a lot of pictures of platonic love concerning you. |
| **9** | In the deepest heart of mine, thousands of congealed memories of us move through the streams of love, |
| **10** | In my two eyes, I have weaved a colorful dreamy net of our blissful marriage through your two eyes. |

# পরিব বিয়ের তাজ

‘ওকে শুধু ধিক!
ও যে এক পৌত্তলিক,
চেয়োনা তার লালিত্যের দিকে,
কোরোনা কভু সে ললনারে, তুমি নিকে।
ভালোবাস ওরে তুমি, যদিও তা জানি আমি,
এ প্রেম যে পাপ, করিবেনা তোহে মাপ, ও স্বামী’।
কহিয়া থামিল স্বজন, হাসিলাম শুনিয়া আপনি তখন,
বলি তারেঃ ‘প্রিয়া মম নাপাক নারে, আছে ওর শুদ্ধ হৃদাসন,
যেথায় করেরে বাস, সেই বিভুর তরে বিশ্বাস, যে নয় নিরাকার,
বলে রুমির মসনবিঃ গড়েছিল রাখাল শরীরী ছবি, মূসার আল্লার।
ভাবেনা অমেধ্য কোনো অম্বা, বাহ্য করা বাচ্চাকে, হেতু স্বকীয় সন্তান,
পিয়ারিও মম শাব স্বয়ম্ভূর, যে করেছে লালন তারে, আমারে করেছে দান।
মোর প্রিয়তমার ও হৃদয়, ডাকে একটি দেবতারে, প্রতিটি সময়, সদা ধুকধুক,
কী বাঁধ শাদিতে আর? ডাকে পিয়ার পরান প্রভুরে বারবার, জিব তার নাইবা ডাকুক।
বিচিত্র সংসার, প্রত্যয় যার যার, কেন তবু ধর্ম চুলকুনি সবার? হয়রে বিচূর্ণ এরূপে সমাজ,
ধর্মে ধর্মে জানি হয়না বন্ধন, ভালবাসি তবুও আমরা দুজন, নেই আদৌ লাজ, পরিব বিয়ের তাজ’।

| Rows | I Must Wear the Wedding Crown |
|---|---|
| 1 | ‘Fie on her! |
| 2 | (because) She is a pagan, |
| 3 | Do not look at her prettiness, |
| 4 | Never marry that girl. |
| 5 | I know, you love her, |
| 6 | This love is nothing but a sin, the God will not forgive you’. |
| 7 | Having heard the talk of my friend, I have smiled, |
| 8 | And told him: ‘my beloved is not unholy, because she has a pure heart, |
| 9 | In which, that deity resides, who is not actually shapeless, |
| 10 | The Masnavi of Rumi describes: once a shepherd boy shaped the body of Prophet Musa’s Allah in his mind. |
| 11 | No mother considers her own baby as profane because of baby’s shitting, |
| 12 | My darling is a child of that Creator, who took care of her, and gave her to me as a gift. |
| 13 | The heart of my lover calls the single Lord by the beating of heart every time, |
| 14 | What is the problem to marry her? The heart of my beloved constantly calls the Divine Being. Therefore, I do not find any problem that her tongue does not call Him (Shapeless God). |
| 15 | The world is diverse, where the people have their respective beliefs. Why is the religion an itch for all? In this way, it ruins the society. |
| 16 | I know, there is no bondage in religions. Despite that, we love each other with no shame. So, I must wear a wedding crown’. |

# তাহার হিয়ার মাঝারে

প্রণয়িনীটি মোর,
গৃহ গড়িতে আজ ব্যস্ত।
ধীন্দ্রিয় মাঝে ভালোবাসা ওর,
সংসারযাত্রার সংসরণে শুধু ন্যস্ত।
নয়ন থেকে নয়নায়, হয় যে আজও কত কথা,
হৃদয়স্পন্দনে করি বাঁটোয়ারা মোরা, মর্মের সব ব্যথা।
অমরার পুরী খুঁজেছি আমি, পেয়েছি তা শেষে, রাঙা গোলাপের ঝাড়ে,
এত সুখেও যদি মৃত্যুও মম হয়, মমি হয়ে বাঁচবো আমি, তাহার হিয়ার মাঝারে।

| Rows | Inside the heart of Hers |
|---|---|
| **1** | Beloved of mine, |
| **2** | She is busy with forming home today. |
| **3** | Inside the heart, the loves of hers, |
| **4** | Which are responsible in the way of family. |
| **5** | We converse so much through eyes to eyes still now. |
| **6** | We share pains of hearts to each other by means of heartbeats. |
| **7** | I looked for the home of paradise, which was finally found by me in the bush of red roses. |
| **8** | Around the joys, if I die, inside the heart of hers, I will stay alive as a (Egyptian) mummy. |

# সার্থক প্রেমের তরে

বুলি তোমার
সদা সুরের ঝংকার
যবে শুনিতাম তব ঐ গান,
হতো যে মোদিত অনিশ মম প্রাণ।
হৃৎ দিয়ে শুনেছিলাম, তব ও গীত ক্লান্তিহীন,
কেননা, ভালবাসা শুধু বিচক্ষু নয়, অকর্ণও চিরদিন।
মনোমন্দির মাঝে ছিলে তুমি এককালে, প্রাণভোমরা মোর সেই,
চারিচক্ষুর মিলনে কন্ধ আজ জিওল আমার, তবে জানটি দিলে নেই।
নির্ভীক অভিযাত্রী তবুও মোরা দুজনা, সংসারমায়ার এক প্রেমের সরাণে,
মহারৌরবও পারে হতে অমরালয়, থাকে যদি অমল প্রীতি, মোদের দুটি পরাণে।

| Rows | For the Sake of Booming Love |
|---|---|
| **1** | Your words, |
| **2** | The melodies of buzzing sounds. |
| **3** | When I used to hear your that song, |
| **4** | My soul used to be glad for all time. |
| **5** | I perceived that song of yours by heart without tiredness, |
| **6** | Because, love is not only blind but also deaf. |
| **7** | Once, you were that spirit inside the shrine of my heart. |
| **8** | Due to the correlation of four eyes, my body is alive now, but soul is not in heart. |
| **9** | We are fearless travelers on the love’s road of the fantasy of family. |
| **10** | Hell can become a divine, if love survives inside the two hearts of us. |

# ভালোবাসার হিসেব

করি কী করে হিসেব,
কত যে ভালোবাসি, তোমাকে আমি?
ভবলীলা প্রতিদারণের ঐ পদ্যা পরিভ্রমণেও,
ভালোবাসি তোমায় অদ্যাবধি, জুড়ে সকল দিবসজামী।
তন্দ্রা নেমেছে গাত্রে আজ, তবুও আছ তুমি, আমার হর নিশ্বাসে,
ভালোবাসায় যাই ভুলে বার্ধক্যের পীড়া, খুঁজে পাই যৈবন পরাণের বিশ্বাসে।
অসুরা লগ্নেও দেখি যবে তোমায়, নেই কমতি তখনও ভালোবাসার, সদা মোর দৃষ্টিতে,
কত রূপমাধুর্য অদ্যাপি তোমার! আস্য তব শশী, আর তনুতে বিধুর স্নিগ্ধতা, স্বর্গীর সৃষ্টিতে।
ওই যৌবন হইতে ভালোবাসার খেলায়, হৃদয়তন্ত্রীটি তোমার, করেছি যে কত সহস্রবার আমি জয়,
জানিনা কতটুকু তোমায় বাসিগো ভালো, জানি শুধু উপলেরও আছে ক্ষয়, কিন্তু ভালোবাসা মম চিরঅক্ষয়।

| Rows | Calculation of Love |
|---|---|
| **1** | How can I calculate, |
| **2** | How much I love you? |
| **3** | Even in the travel of complicated way of life, |
| **4** | I still love you, throughout all the days and nights. |
| **5** | My body is sleepy today, despite that you reside in my every breath, |
| **6** | Because of love, I forget the pains of old age, I find youth by the belief of heart. |
| **7** | Even, when I see you at the hours of darkness in my eyes, love is still available for you, |
| **8** | Still now, how beautiful you are! Your face is the moon, and the beauty of moon looks in your whole body that is created by God. |
| **9** | Since the early stages of life, in the game of love, I did win your heart for thousand times. |
| **10** | I do not know, how much I love you, I merely know that stone wanes, but my love is everlasting. |

# কৃষ্ণবিবর

উমর করেছে ভর,
অদিতির তুমি কৃষ্ণবিবর।
তিমিরে তলিয়ে তব এ দেহনিবাস,
ওয়াক্তের মহাকর্ষ তোহে করেছে যে গ্রাস।
এভাবেই একদিন, নেবে তোমার অন্তিম শ্বাস,
শবঘরে, রইবে আঁধারে, ঠিকানা তব ঐ তারার আকাশ।
জ্যোতির্লোকের মাঝে রইবে তুমি, সাথী হয়ে পাশে জ্বলিব আমি,
মিলে দুইটি তারা, আরেকটি লুব্ধক সাজিব মোরা, হইবে যে ধন্য যামী।
মরণের পরে, লক্ষ কোটি বছর ধরে, আলোকিত হয়ে মোরা, থাকিব জড়িয়ে,
সময়ের স্রোত, রোদ্ধা করেনা যারে রোধ, একদিন কৃষ্ণবিবরে, যাব মোরা হারিয়ে।

| Rows | The Black Hole |
|---|---|
| 1 | Ages have been weighty on you, |
| 2 | You are the black hole on earth. |
| 3 | Your physique-house has sunk into the darkness, |
| 4 | The gravitation of time has swallowed you. |
| 5 | In this way, one day, you will take your last breath, |
| 6 | In the home of corpse, you will dwell there in darkness; your address is the starry heaven. |
| 7 | In the stellar orbs, you will reside, I will be with you there too as your glittering companion, |
| 8 | As two stars, we will be decorated as another Sirius; the hours of darkness will be blessed. |
| 9 | After the death of us, by hugging each other, we will have been shining for billions of years, |
| 10 | Tides of times are not prevented by the preventer (God), one day in the black hole; we shall be lost into eternity. |

# মনে পড়ে তোকে

সবকিছু পিছনে ফেলে,
মৃত্তিকা মহলের দরজা খুলে,
পেলি একটি চিরন্তন আঁধার বাড়ি,
যেথায় ডাকবেনা কেউ তোকে রাজকুমারী।
তুই নেই পারেনা মানতে, বড় অবুঝ আমার মন,
নাড়া দেয় হৃদয় গভীরে প্রতিটি স্মৃতি, প্রতিটি ক্ষণ।
তোর নিশ্চুপ ছবি লোচনে আনে অম্বু, মরমে হাহাকার,
আসবিনা ফিরে জানি, তারপরও খুঁজে করি চারিদিক একাকার।
জ্বলছি আমি জ্বলন্ত অনুরাগের স্মৃতিতে, তবুও, তোকে ভালোবাসি।
পারিনা হতে রোষপূর্ণ, মনে পড়ে যখন মনোহর বদনে, তোর মায়াবী হাসি।
যেখানেই থাকিস, সুখে থাক, ভাল থাক, হোকনা সেটা কোন অজ্ঞাত লোকান্তরে।
যেথায় করি আমি অনুভব, সেথায় খেলে সদাই তোর অস্তিত্ব, মোর সমস্ত দেহে, অন্তরে।

| Rows | I Miss You |
|---|---|
| **1** | To leave all things back, |
| **2** | To open the gate of earthy palace, |
| **3** | You got an eternal dark house, |
| **4** | Where nobody will call you princess. |
| **5** | My unreasonable mind cannot allow that you are no more, |
| **6** | In the deepest heart of mine is touched by every memory, every time, which we enjoyed in the past. |
| **7** | Tears come from my eyes; my soul utters the cry of distress, when I see your silent photograph, |
| **8** | I know, you will never come back, despite that, I mess up all the sides up by rummaging around for you. |
| **9** | I am being burned by the memory of our burning love, I still love you, |
| **10** | When your stunning face comes to my mind, I cannot be angry. |
| **11** | May you be happy and fine, wherever you reside in next unknown world, |
| **12** | Wherever I stay; I always feel your existence throughout my whole body and psyche. |

# স্মৃতি, সে তো অভিশাপ ছাড়া কিছু নয়

জীবনটি আজ ফাঁকা,
এভাবেই, আপনার বেঁচে থাকা।
তিরোধানকেই বরং, মনে হয় সদা শ্রেয়,
কিন্তু বাধা দেয়, পৌর্বিক স্মৃতিগুলো, যা ছিল মোর প্রিয়।
আজও স্মৃতি দেয় হানা, পিছু পিছু আমার, পাইনাকো লুকাবার স্থান,
পালাতে পালাতে হয়ে উঠেছি আমি পরিশ্রান্ত, এক পথভ্রান্ত, আর ভীষণ ক্লিশ্যমান।
কত সরণ, করেছি ভ্রমণ, প্রিয়ারে নিয়ে সাথে, সবই আসে স্মৃতি হয়ে, শুধু আসেনা পিয়ারী ফিরে,
পরাজিত নিবাসী আমি স্মৃতিঘেরা তমোরাশির, যেথায় স্মৃতির বিকল্পুণ থাবা, দেয় নিরবধি বক্ষটি মম চিরে।
স্মৃতির অকুলপাথারে আমি জীয়ন্ত, অবিরাম ভাসমান, করছি সন্ধান, মোর ঐ মুখরা কান্তারে, আজিকে যে নিশ্চুপ,
হয় ধ্বনিত স্মৃতির ঘন্টা নিয়ত, প্রিয়তমার বাগবহুলতায় আর হাস্যলহরীতে, করে সৃজন মরমে মোর, বিষাদের তীব্র রূপ।
গড়েছি আমি স্মৃতির ভাণ্ডার, হয়ে এক সুমহান স্মৃতিকার, হৃদয়েশ্বরীরে উরে নিয়ে, যেই ভাণ্ডারের নেই কোনো বখরা, নেই বিনিময়,
পারিনাকো সহিতে, না পারিকো মরিতে, স্মৃতিই যে অবলম্বন মোর জীয়নের, হায়রে স্মৃতি! মম সঙ্গিনীর স্মৃতি! সে তো অভিশাপ ছাড়া কিছু নয়।

| Rows | Memories, Which Are Nothing but Curses |
|---|---|
| **1** | Life (of mine) is blank, |
| **2** | Thus, I am alive. |
| **3** | Death is rather seems to be better, |
| **4** | But, I am prevented by those memories, which were the best-loved. |
| **5** | Still today, memories run after me, I cannot find the place to hide, |
| **6** | By running away, I have become exhausted, deviated and so fatigued. |
| **7** | My beloved and me travelled many paths, all come back as memories, only my lover does not return, |
| **8** | I am defeated dweller in the darkness of memories in which the brutal paw of memories always cracks my bosom. |
| **9** | I am alive in the ocean of memories, constantly floating, looking for that chatty dearest one who is silent today, |
| **10** | The bell of memories is rung all the time by my love’s bantering talks, which create the shape of sadness in my heart. |
| **11** | To be a great memory preserver, I have placed sweetheart in my heart, and formed a store of memories in which there is no share and no exchange, |
| **12** | I can neither tolerate nor die, memories are the supports of my life, Oh memories! My dear’s memories, which are nothing but curses. |

# অশ্রুহীন বেদনা

জনম থেকে জন্মান্তরে,
পরাস্ড় যেন আমি প্রেমের প্রান্তরে।
জলহীন, রিক্ত ইরিণ, আপনার দুটি নেত্রে,
নেই তরঙ্গ তার তরে আর, আমার চিত্তক্ষেত্রে।
মোর এ হৃদাকাশ, হুতাশ করেছে গ্রাস, গড়েছে ভাগ্যাকাশ,
পরলোকে তার দর্শন, পাব কিনা কদাচন, নেই কোনো বিশ্বাস।
প্রীতির টানে, দুখের বানে, করে খেলা অশ্রুহীন বেদনা, অখন মম জানে,
খুঁজে বেড়াই অদ্যবধি আমি তারে, নক্ষত্রশোভিত প্রতিটি শমনীর আসমানে।

| Rows | Tearless Pain |
|---|---|
| **1** | From the birth to the different state of existence, |
| **2** | I am defeated in the field of love. |
| **3** | Waterless, vacant desert, emerge in my two eyes, |
| **4** | My heart does not beat for her anymore. |
| **5** | Despondence has eaten my spirit and formed fate, |
| **6** | In the next world, shall I able to meet her? I am not sure. |
| **7** | By the fascination of love, by the flood of sorrow, tearless pain plays around my soul, |
| **8** | Throughout the starry skies, I still look for you at every night. |

# বিধুর সুরতরঙ্গ

ফজরের বিজন সুরে,
নিত্যপ্রলয় মম গেল যে উড়ে।
দেখি আবছায়া শেজে মেলে দু অক্ষি,
ধবলিমায় জড়ানো এ যে আমারই হৃদয়লক্ষ্মী!
অন্তরে বাজে এক শোকের ধুন, ঐ আজানের তেলাওয়াতে,
কাল যেন আমারেও ডাকে, যেমনে ডেকেছিল তাকে, সুরের ইশারাতে।
মোর মনের মানুষী আছে এখন শুয়ে, একলা ঘরে, ঘোর অন্ধকারে, চিরতরে,
নীরবে সে গেছে চলে, অনেক দূরে, যমদুয়ারে, রইবে সে যেখানে জন্মজন্ম ধরে।
আজানের ক্ষণে ক্ষণে, একানে শয়নে মনমরা মনে, এক মাতম জাগে, হয়নি যা কভু আগে,
নামাজের আবাহনে ওই মায়াবী মূর্ছনায়, এসে যায় জল মম দো নেত্রতারায়, প্রিয়া হারা সেই অনুরাগে।
যায় ঝরে অক্তের ঝরাপাতা, কালের স্রোতে, পলের পল্লবী হতে, ঠিক যেমনি করে সেই মুয়াজ্জিন, অবশেষে যে শব্দহীন,
দেখি আমি শয্যাগার, নয়নে আমার, সম্পূর্ণ ফাঁকা, শুধু আমি একা, চিরসুপ্ত সে মোর হয়েছে বিলীন, আমায় যে একা করে অনন্তদিন।

| Rows | Melancholic Melodious Wave |
|---|---|
| **1** | By the forlorn melody of Fajr (dawn), |
| **2** | The profound sleep of me gets broken. |
| **3** | I open my eyes and see a phantom on my bed, |
| **4** | It is my sweetheart, who is covered with white (cloth)! |
| **5** | The elegiac echo is being created in my heart because of calling to prayer, |
| **6** | It seems that death is also calling me the same way how that called her by the gesture of God. |
| **7** | My darling is now lying alone inside a dark chamber perpetually, |
| **8** | Silently, she went to the door of Yama (God of Death), which is too far, and where she will reside everlastingly. |
| **9** | From time to time, in the calling to prayer, I am lonely and surrounded by anguishes – I never felt this kind of pain before, |
| **10** | By the mysterious melody of calling to prayer, tears appear in my two eyes as the consequence of my lost beloved. |
| **11** | The droping leaf of time falls from the tree of period in the stream of moment – just like the Muezzin who finally has become soundless, |
| **12** | By means of my eyes, I solitarily notice my bedroom that is completely vacant – my sleeping beloved has been disappeared, having made me alone for ever. |

# কে সে জন?

ভুবন ও গগন,
যেন এক বিন্দুতে একাকার।
ঘটিল বিস্ফোরণ এই শূন্যের মাঝে,
উঠিল গড়ে সৌরধরা, একটি বৈচিত্রের সম্ভার।
ভূচর, খেচর, আর ইলাচর দেখি, মোর অক্ষিকোল থেকে,
অক্ষরে খেলে যেন পরদেশী আর উড়ন্ত সসার, লক্ষ্য ব্যতিরেকে।
চিরকাল তাপন ঘুরে, তার আপন কক্ষ জুরে, শুধুই দ্যুরে উদিত হয়,
প্রিয়ার আস্যে পাই খুঁজে সদা, উপমা শশীর, করেছে সুর যারে জ্যোৎস্নাময়।
মানস কাঁদে, দেখে প্রিয়ার নেত্রে পানি, যা দিয়ে সৃষ্ট সকল প্রাণী, চরাচরে চলমান,
প্রিয়া হারা আজ হৃদয় মাঝে, লাল গোলাপের প্রলয় সাজে, হবে বিদীর্ণ তারাভরা আসমান।
ধ্বংস হবে মহাবিশ্বে সকল, রইবে না আর প্রেমের ধকল, পাহিব আমি সেই প্রেমময়ের সন্ধান,
সৃষ্টি আমি তাঁর, স্রষ্টা সে আমার, কাঁদিব সেদিন তাহারই চরণে, সে যে গরীয়ান, মহীয়ান, সর্বশক্তিমান।

| Rows | Who Is That One? |
|---|---|
| **1** | Earth and heaven, |
| **2** | Were joined in a single point together. |
| **3** | Dilation occurred in this zero, |
| **4** | Solar world was created as a heap of wonder. |
| **5** | I behold the animals of land, sky and water through my eyes, |
| **6** | Without aim, aliens and flying saucers sport in the skies. |
| **7** | The sun rounds in its own orbit and rises in the sky forever, |
| **8** | I always find the likeness of moon in dear’s face, which has been lighted by the daystar. |
| **9** | Heart cries to see the water on dear’s eyes, all the creatures are created by those waters on the earth, |
| **10** | Due to the losing of dear, doom of red rose in my heart now grows, thus the starry sky will be rent with no mirth. |
| **11** | All will be ruined in the universe, then no more exhaustion of love, because I will find that loving one, |
| **12** | I am created by Him, who is the creator of me, I will cry that day under his feet, he is the glorious, righteous, most powerful one. |

# চাখি

হারাইয়া নিজেরে,
পেয়েছি প্রিয়, এই তোমারে।
ও আমার হাফিয! তব আমি গাথা,
কতকাল যে কেটে গেল, কওনিরে মিঠে কথা।
শুনেছিল তব, অগণিত শোলক নব, আমার এ শ্রবণ,
তব ওই তারুণ্য, করেছিল মোহে ধন্য, পরিণামে পরিণয়ন।
জিবনসখী, আমি চাখি, আমার মাঝে তুমি বেঁচে, তুমি মোর প্রাণপাখি,
হয় যদি যৌবন, পত্রত্যাগী এক সুখের জীবন, কেন তবে বেদনা, রয়রে শাখী?
বেছে নিয়েছিলাম তোমাকে, করিয়া অগ্রাহ্য ফারসের শুজাকে, যে দিয়েছিল মোরে মন,
মনুষ্য না চিনে নিয়ে, করিলাম ও কবি! তোমারে বিয়ে, তাতেইরে আহা, মোর ভাঙিল স্বপন!
সরল যত তব গীতির বর্ণন, ততই গরল তোমার ওই মন, তোমায় পেয়ে চূর্ণ হল, পূর্ণ মোর জীবন,
ছিলে তুমি মোর ত্রিদিব-মানুষ, যেন মোর হৃদয়ের ঐ স্বপ্নিল পুরুষ, সে যেন প্রদীপের নিচে, এক অদীপ ভুবন।
নেই কোথাও মম ছায়া, কাটিয়েছি আমি এই ধরণীর মায়া, আমি যে হাহাকার আজি হিয়ায় তোমার, তব কবিতার জওহর:
'প্রিয়া সে আমার, পরশে যাহার, ছিল পরীবাগ গৃহ মোর, আজিকে শর্বর, শুন্যে ভরা এ ঘর, আমার আঁখিপ্রান্তর, এক নীরের নহর'।

| Rows | **Chakhi**<br>(She is the beautiful wife of Hafiz, a renowned Persian poet) |
|---|---|
| **1** | Losing myself, |
| **2** | I got you, my darling! |
| **3** | O my Hafiz! I am your song, |
| **4** | It was a long time; you did not talk to me sweetly. |
| **5** | My ears listened to countless poems of yours, |
| **6** | I was blessed by your youth – its result was our marriage. |
| **7** | I am Chakhi as your spouse, you are alive in me, and you are the life-bird of mine. |
| **8** | If youthfulness is a leaf-leaving happy life – then why does the sadness appear as bough with that? |
| **9** | I did choose you, having refused Shuja (a ruler's name) of Fars (a Persian province) who gave me his heart, |
| **10** | I married you without knowing you as a human being, O poet! As a result, my dream was broken! |
| **11** | Description of your song is heartfelt, but your mind is full of poison – my entire life has been ruined by getting you, |
| **12** | You were divine human being as the dreamy man of my heart – it seemed as the dark world under the lamp. |
| **13** | My shadow is nowhere – I passed the attraction of this world – without me you are in grief today – I am now the gems of your poems: |
| **14** | "She was my beloved whose touch made my house fairy-garden – full of darkness today is in the room – the corners of my eyes are now the canals of water" (Hafiz himself said this line in his own poem after the death of Chakhi). |

# পরিশিষ্ট

বিগত ২০১১ সালে, মার্কিন গবেষক অধ্যাপক ক্লিনটন বি সিলির লেখা *A Poet Apart: A Literary Biography of the Bengali Poet Jibanananda Das* বইটি ফারুক মঈনউদ্দীনের অনূদিত "অনন্য জীবনানন্দ" নামে প্রথমা প্রকাশন থেকে প্রকাশিত হয়। ক্লিনটন বি সিলি সেই বই থেকে রয়্যালটি হিসেবে প্রাপ্য অর্থ ব্যক্তিগতভাবে গ্রহণ না করে, তিনি এই অর্থ থেকে বাংলাদেশের তরুণ কবিদের জন্য কিছু করার প্রস্তাব দেন। এই প্রস্তাবের প্রেক্ষিতে, ওনার রয়্যালটির সঙ্গে সমপরিমাণ অর্থ যোগ করে, তরুণ কবিদের জন্য একটি পাণ্ডুলিপি পুরস্কার প্রবর্তনের উদ্যোগ নেওয়া হয় প্রথমা প্রকাশন থেকে।

সে যাই হোক, ২০১৬ সালের সেপ্টেম্বর মাসে ত্রিশ বছরের কম বয়সী কবিদের কাছে পাণ্ডুলিপি আহ্বান করা হয়। তাই একটি পাণ্ডুলিপি তৈরির খাতিরে, নিজের বিভিন্ন সময়ের লেখা কবিতাগুলো থেকে, আবেগপূর্ণ ভালোবাসা এবং মনস্তত্ত্বিক প্রেম সম্পর্কিত ঊনত্রিশটি পিরামিডাল কবিতা বাছাই করি। সত্যি বলতে, এই কবিতাগুলো সালতানিক সাহিত্যতত্ত্বের আনুপূর্বিক রীতি অনুসরণে রচিত। তাই সহজেই বলা যেতে পারে, এই পাণ্ডুলিপিটি বাংলা ভাষায় রচিত সর্বপ্রথম এবং মৌলিক পিরামিডাল কবিতার পাণ্ডুলিপি। সে যাই হোক, আমার এই অপ্রথাসিদ্ধ পাণ্ডুলিপিটির জন্য আমি "দগ্ধ হৃদয়" শিরোনামটি নির্ধারণ করি।

এখন প্রশ্ন আসতে পারে, পিরামিডাল কবিতাটি আসলে কী? সহজ কথায়, পিরামিডাল কবিতা হচ্ছে এমন এক ধরনের কবিতা, যা অভ্যন্তরীণভাবে ও বাহ্যিকভাবে প্রাচীন মিশরীয় পিরামিড সম্পর্কিত মৌলিক বিষয়বস্তুসমূহ নিয়ন্ত্রিতভাবে অনুসরণ করে থাকে। সুতরাং, পিরামিডাল কবিতা সম্পর্কে জানতে হলে, মিশরীয় পিরামিড সম্পর্কিত প্রাথমিক জ্ঞান থাকা আবশ্যক। 'পিরামিড' মিশরীয় ভাষার একটি শব্দ, যা সম্ভবত 'পিরাম' থেকে এসেছে। আবার এই 'পিরাম' শব্দটি এসেছে 'রাম' বা 'আরাম' থেকে, যার অর্থ 'সুউচ্চ হওয়া'। এছাড়াও ধারণা করা হয়, পিরামিড শব্দটি গ্রিক 'পিরামিস' শব্দটি থেকেও উৎপত্তি হয়েছে। আসলে 'পিরামিস' শব্দটির অর্থটি স্পষ্ট নয়, এবং এটা হয়ত পিরামিডের গড়নের সাথে সম্পর্কযুক্ত। প্রকৃতপক্ষে, পিরামিড হল ত্রিকোণ বা চতুষ্কোণ ভূমি এবং ক্রমোচ্চ গঠনে ঢালবিশিষ্ট, সূক্ষ্মাগ্রশীর্ষ এবং প্রস্তরগঠিত সমাধিমন্দির। এবার, পিরামিডাল কবিতার প্রসঙ্গে আসা যাক। পিরামিডাল কবিতার অনন্য স্রষ্টা সুলতান মোহাম্মদ সম্রাট শেখ ওনার *The Sultanate of Pyramidal Poem* (অপ্রকাশিত) গ্রন্থে পিরামিডাল কবিতার সংজ্ঞা দিতে গিয়ে বলেন:

"The word 'Pyramidal' is the adjective form of pyramid. The 'Pyramidal Poem' is also called 'Digital Single-Leaf Poem' with a four-sided shape or triangular shape and two sloping sides of rows, which apparently seem to meet in a point at the top word or phrase or sentence in order to form a pyramidal appearance with compulsory application of rhymes."

সাধারণ অর্থে, পিরামিডাল কবিতা হচ্ছে সামগ্রিক লেখার একটি অংশ, যা ভাষা ও ছন্দের মধ্যে আবদ্ধ পিরামিডের রূপধারী ছন্দবদ্ধ পদ। পিরামিডাল কবিতা কিন্তু আদৌ ছবিতা হিসেবে বিবেচিত নয়। মোহাম্মদ শেখের পিরামিডাল কবিতাকে কম্পিউটারের মাইক্রোসফটওয়্যারে টাইপ করার পর, পিরামিডের ন্যায় আকৃতি প্রদান করা হয়। মোহাম্মদ শেখের প্রণয়নকৃত নিয়ম অনুসারে, পিরামিডাল কবিতাকে সম্পন্ন করতে হয় কেবল একটি স্তবকের মধ্যেই। অধিকন্তু, পিরামিডাল কবিতার সর্বপ্রথম পঙ্‌ক্তি আকৃতিতে সবচেয়ে ছোট এবং সর্বশেষ পঙ্‌ক্তি হবে সবচেয়ে বড়। কবিতার পঙ্‌ক্তিগুলো একে একে ঢালুভাবে অবস্থান করবে। এছাড়াও, একটি পিরামিডাল কবিতার পঙ্‌ক্তি সংখ্যা আরম্ভ, ক্রমবিকাশ এবং সমাপ্তির সাথে সামঞ্জস্য রেখে কিছুতেই তিন পঙ্‌ক্তির কম হতে পারবে না, এবং যার মাঝে চরণমিলের প্রয়োগ বাধ্যতামূলক।

কোনো সন্দেহ নেই, মোহাম্মদ শেখের প্রবর্তিত পিরামিডাল কবিতা সাহিত্যজগতে একটি নতুন মাত্রা এনে দিয়েছে। সাহিত্য সর্বদা জীবনের রসশিল্প হিসেবে বিবেচিত। জগৎ এবং জীবনের ঘাত-প্রতিঘাতের মধ্যে দিয়ে মনের যে নিবিড় নিভৃত অনুভূতি রসঘন হয়ে, যে ধরণের বাণীরূপ লাভ করে তাই সাহিত্য। প্রকৃতপক্ষে, সাহিত্য মানবজীবনের আনন্দ-বেদনার বিচিত্র অনুভূতির শিল্পময় প্রকাশ। শিল্পময় বলেই এই ধরণের প্রকাশ নিরবয়ব নয়। কেননা, কোনো একটি আঙ্গিককে অবলম্বন করেই এর অভিব্যক্তি ঘটে থাকে। এভাবেই, সাহিত্যে বিভিন্ন ধারায় বিভিন্ন আঙ্গিকের উদ্ভব। যে কারণে, পিরামিডাল কবিতা নিজেও এর ব্যতিক্রম নয়। মোহাম্মদ শেখ সাহিত্যের সংজ্ঞা দিতে গিয়ে বলেছেন:


"সাহিত্য হল সৌন্দর্যতাত্ত্বিক সমন্বয়ের মাঝে জ্ঞান এবং অভিজ্ঞতার চিত্ত প্রভাবকারী সন্ধানীদৃষ্টি, এবং পার্থিব ও আত্মিক পরিণামগুলোর মিলন"।

যাই হোক, মোহাম্মদ শেখ সাহিত্যের শিল্পরূপের সাথে সামঞ্জস্য রেখে, পিরামিডাল কবিতার অবয়বকে তিনি তিনটি শ্রেণীতে বিভক্ত করেন:

(১) অলীক জ্যামিতিক অবয়ব
(২) অলীক অগ্রগতিশীল অবয়ব
(৩) অলীক শারীরিক অবয়ব


## অলীক জ্যামিতিক অবয়ব:

জ্যামিতির ভাষায় তিনকোণা পার্শ্ব-বিশিষ্ট এবং চারকোণা ভুমির ওপর অবস্থিত হয়ে, ক্রমচ্চো গঠনে সূক্ষ্ম শীর্ষে অবস্থান করে, তাকেই পিরামিড হিসেবে বিবেচনা করা হয়। প্রকৃতপক্ষে, পিরামিডকে চিহ্নিত করা হয় পিরামিড বুনিয়াদের মূর্ত রূপ দ্বারা। সমগ্রভাবে, একটি আদর্শ পিরামিড গঠিত হয় ত্রিভুজ এবং চতুর্ভুজের মিলনে:




একটি পিরামিডাল কবিতার পঙ্‌ক্তিসমষ্টির মাঝে রয়েছে বাক্যাংশসমষ্টি বা বাক্যসমষ্টি। সবচেয়ে উঁচু শব্দকে বা বাক্যাংশকে বা বাক্যকে বিবেচনা করা হয় ত্রিভুজের সবচেয়ে উঁচু সুচালো অংশ হিসেবে। তারপর, সবচেয়ে নিচের বাক্যাংশের অথবা বাক্যের ডান ও বাম

পার্শ্বদ্বয়গুলোকে ত্রিভুজের দুই কোণ হিসেবে বিবেচনা করা হয়। সামগ্রিকভাবে, এটা ত্রিভুজাকৃতি গড়নের প্রতিভূ হয় **'ত্রিভুজাকার পিরামিড'** নামক আখ্যার সাথে সমন্বয় রেখে। তথাপি এই ক্ষেত্রে পিরামিডাল কবিতার শীর্ষে ঢাকনা পাথর (আসলে ঢাকনা পঙ্‌ক্তি) রয়েছে এরূপ কল্পনা করে নিতে হবে। কারণ, মিশরের গিজায় অবস্থিত খাপরের পিরামিড, এবং মেনকাউরের পিরামিডের শীর্ষে ঢাকনা পাথর রয়েছে। যার ফলে, এই দুটি পিরামিডটি আমাদের চোখে প্রকৃত ত্রিভুজের ন্যায় দৃষ্টিগোচর হয়। নিম্নে দৃষ্টান্তস্বরূপ:




| Pyramid of Khafre with Cap Stone | Pyramid of Menkaure with Cap Stone |
| --- | --- |
|  |  |

সুতরাং, মোহাম্মদ শেখের পিরামিডাল কবিতা ত্রিভুজাকৃতি গড়নের প্রতিভূ হয় **'ত্রিভুজাকার পিরামিড'** নামক আখ্যার সাথে সমন্বয় রেখে। পিরামিডাল কবিতার শীর্ষে ঢাকনা পাথর (আসলে ঢাকনা পঙ্‌ক্তি) রয়েছে, এরূপ কল্পনা করে নেওয়ার কারণে, মোহাম্মদ শেখ ওনার

পিরামিডাল কবিতাকে জ্যামিতিকভাবে খাপরের পিরামিড এবং মেনকাউরের পিরামিডের সাথে তুলনা করেছেন।। যার ফলে, ওনার পিরামিডাল কবিতাটি আমাদের চোখে পরোক্ষভাবে ত্রিভুজের ন্যায় দৃষ্টিগোচর হয়।

এই দৃষ্টিকোণ ছাড়াও, সবচেয়ে উঁচু শব্দের, অথবা বাক্যাংশের, অথবা বাক্যের বাম ও ডান পার্শ্বদ্বয়গুলোকে চতুর্ভূজের দুই কোণ হিসেবে বিবেচনা করা হয়। এরপর সবচেয়ে নিচের বাক্যাংশের, অথবা বাক্যের বাম ও ডান পাশ্বদ্বয়গুলোকেও চতুর্ভুজের দুই কোণ হিসেবে ধরে নেওয়া হয়। সামগ্রিকভাবে, এটা এক ধরনের চতুর্ভুজাকৃতি গড়নের প্রতিভূ হয় **'চতুর্ভুজ পিরামিড'** নামক আখ্যার সাথে সামঞ্জস্য রেখে। সত্যি বলতে, এখানে একটি পিরামিডাল কবিতা ট্রাপিজিয়াম হিসেবে দ্রষ্টিগোচর হয়, যা চতুর্ভুজেরই একটি রূপ। এ ক্ষেত্রে, পিরামিডাল কবিতার শীর্ষে ঢাকনা পাথর (আসলে ঢাকনা পঙ্ক্তি) নেই এরূপ কল্পনা করে নিতে হবে। কারণ, মিশরের গিজায় অবস্থিত খুফুর গ্রেট পিরামিডের শীর্ষে ঢাকনা পাথর নেই। যার ফলে, এই পিরামিডটি আমাদের চোখে একটি ট্রাপিজিয়ামের ন্যায় দৃষ্টিগোচর হয়। নিম্নে উদাহরণস্বরূপ:




প্রাচীন মিশরের পঞ্চম রাজবংশের সময়কাল থেকে, অর্থাৎ হেলিওপোলিস নামক নগরটির উত্থানের পর থেকে ফেরাউনরা তাদের ঈশ্বরদের পুত্রে পরিণত হয়। যদিও বিভিন্ন ধর্মীয় আচার-অনুষ্ঠানের কারণে তারা তাদের প্রথাগত অবস্থান বজায় রাখতে বাধ্য হয়। তীর্থস্থানগুলো পরিদর্শনকালে তারা একমাত্র সূর্য দেবতা 'রা' ছাড়া সমস্ত ঈশ্বরকে নিজেদের সমকক্ষ মনে করত। ফেরাউনরা ছিল তাদের ঈশ্বরদের জীবন্ত প্রতিনিধি এবং একই সাথে ছিল তাদের যাজক। এর ফলে কখনও কখনও তারা চিত্রিত হত এরকমভাবে যে নিজেরাই নিজেদের পূজা করছে, অথবা একই পদ্ধতিতে পরিশুদ্ধ করছে ঈশ্বরদের। তাই সাধারণভাবে ফেরাউনদের বলা হত সমস্ত কিছুর দেবতা এবং সূর্য দেবতা 'রা'-এর চোখ। প্রাচীন মিশরের অষ্টদশ রাজবংশের শাসনামলে, নবী মূসা (আ) ফেরাউন দ্বিতীয় রামেসিসকে দ্বীনের দাওয়াত দিতে গেলে দ্বিতীয় রামেসিস মূসা (আ)-কে তীব্রভাবে উপহাস করেন যেটা পবিত্র কুরআনে সূরা কাসাসের ৩৮ নং আয়াতে এভাবে উল্লেখ আছেঃ




সূরা কাসাসের ৩৮ নং আয়াতটিতে 'হামান' হচ্ছে খুফুর গ্রেট পিরামিডের প্রধান স্থাপত্যশিল্পী ও নির্মাতা। এরপর বলা হয়েছে, "কাদা পুড়িয়ে ইট বানাও এবং আমার জন্য সুউচ্চ মিনার তৈরি কর"। এই বাক্যাংশে পরোক্ষভাবে পিরামিড তৈরির কথা বলা হচ্ছে যদিও আমরা প্রায় সবাই জানি পিরামিড পাথরের তৈরি। ফরাসি সম্রাট নেপোলিয়োন পরীক্ষা করে দেখেছেন যে মিশরের গিজার পিরামিডগুলোতে যে

পরিমাণ পাথর আছে তা দিয়ে গোটা ফ্রান্সের চারদিকে দশ ফুট উচু ও এক ফুট ঘন দেওয়াল তোলা সম্ভব। গিজার সবচেয়ে বড় হল ফেরাউন খুফুর গ্রেট পিরামিড যেটাতে ২৩ লক্ষ বা মতান্তরে ২৫ লক্ষ পাথরের ব্লক রয়েছে। সাম্প্রতিক সময়ে প্রত্নতাত্ত্বিকগণ আবিষ্কার করেছেন যে পিরামিডের শীর্ষের অংশটুকু পাথরের নয় বরং ইট ও সিমেন্টের মিশ্রণে তৈরি। এই আয়াতে আরো বলা হয়েছে "সেখানে (পিরামিডের শীর্ষে) উঠে উঁকি মেরে দেখতে পারি"। এই বাক্যাংশটি সেই স্থানে ওঠার নির্দেশ দিচ্ছে যেটা পিরামিডের শীর্ষাস্থিত স্থানের ঢাকনা পাথর, এবং যেখানে সূর্য দেবতা রা-এর চোখ অবস্থিত বলে বিশ্বাস করা হয়। হতে পারে দ্বিতীয় রামেসিস রা-এর চোখের সাহায্যে দেখবেন, অথবা রা-এর স্থলে বসে নিজেকে দেবতা মনে করার দরুণ নিজের চোখ দিয়ে উঁকি মেরে দেখবেন।

খুফুর গ্রেট পিরামিডটির নির্মাণকাজ খ্রিস্টপূর্ব ২৫৬০ থেকে ২৫৪০ অব্দ-এর মধ্যে সম্পন্ন হয়। সেই প্রাচীন সময়ে গ্রেট পিরামিডের উচ্চতা ছিল প্রায় ৪৮১ ফিট, কিন্তু বর্তমানে এর উচ্চতা ৪৫৪ বা মতান্তরে ৪৫৬ ফিট, কারণ এই পিরামিডটির শীর্ষাস্থিত স্থানের ঢাকনা পাথর চুরি করা হয়েছে কিংবা সরিয়ে ফেলা হয়েছে। বস্তুত, গ্রেট পিরামিডটির শীর্ষাস্থিত স্থানের ঢাকনা পাথর চুরি করা কিংবা সরিয়ে ফেলার দুটি কারণ অনুমান করা যেতে পারে: প্রথমত হতে পারে ঢাকনা পাথরটিতে সূর্য দেবতা রা-এর চোখ খোদাই করা ছিল, এবং দ্বিতীয় করণ হতে পারে ঢাকনা পাথরটি ছিল সোনার তৈরি। এর প্রকৃত কারণ যাই হোক না কেনো, এই ব্যাপারে পবিত্র ইঞ্জিল শরীফে উল্লেখ আছে:




সুতরাং পূর্বেই বলা হয়েছে, মোহাম্মদ শেখের পিরামিডাল কবিতা এক ধরনের চুতুর্ভুজাকৃতি গড়নের প্রতিভূ হয় **‘চতুর্ভুজ পিরামিড’** নামক আখ্যার সাথে সামঞ্জস্য রেখে। বস্তুত, একটি নিখাদ পিরামিডাল কবিতা ট্রাপিজিয়াম হিসেবে দ্রষ্টিগোচর হয়, যা চতুর্ভুজেরই একটি রূপ। যাই হোক, পিরামিডাল কবিতার শীর্ষে ঢাকনা পাথর (আসলে ঢাকনা পঙ্ক্তি) নেই, এরূপ কল্পনা করে নেওয়ার কারণে মোহাম্মদ শেখ ওনার পিরামিডাল কবিতাকে জ্যামিতিকভাবে খুফুর গ্রেট পিরামিডের সাথে তুলনা করেছেন। যার ফলে, ওনার পিরামিডাল কবিতাটি আমাদের চোখে পরোক্ষভাবে একটি ট্রাপিজিয়ামের ন্যায় দৃষ্টিগোচর হয়।




**বামে পিরামিডের উপর 'রা-এর চোখ' হিসেবে দিনের সূর্য, এবং ডানে পিরামিডাল কবিতার শিরোনাম দৃষ্টিগোচর হচ্ছে কবির চোখ হিসেবে**

সে যাই হোক, মোহাম্মদ শেখের পিরামিডাল কবিতার শিরোনাম সর্বদা কবিতাটির মাথার উপর মাঝ বরাবর অবস্থান করে। সাহিত্যের দৃষ্টিকোণ থেকে, মোহাম্মদ শেখ পিরামিডাল কবিতার শিরোনামটিকে পিরামিডাল কবিতার কবির নিজ চোখের সাথে তুলনা করেছেন, 'রা-এর চোখ' নামক পৌরাণিক ধারণার সাথে সামঞ্জস্য রেখে। 'রা'-কে প্রাচীন মিশরের সূর্য দেবতা হিসেবে বিবেচনা করা হয়। তথাপি, সূর্য হচ্ছে 'রা-এর চোখ', যা দিনেরবেলা পিরামিডের মাথার উপরে দৃষ্টিগোচর হয়, ঠিক যেভাবে পিরামিডাল কবিতার শিরোনাম সদা পিরামিডাল কবিতার মাথার উপরে অবস্থান করে।

## অলীক অগ্রগতিশীল অবয়ব:

প্রাচীন গ্রিক ইতিহাসবেত্তা হেরোডোটাস নিজের জবানীতে পিরামিড নির্মাণ সম্পর্কে বর্ণনা করেছিলেন। ওনার বর্ণনা থেকে এরকম জানা যায়, সর্বপ্রথমে পিরামিড সিঁড়ির মতো নির্মিত হয়েছিল। পিরামিড নির্মাণে পাথরগুলো ছোট কাঠের ভারার সাহায্যে উত্তোলন করা হয়েছিল, এবং স্থাপন করা হয়েছিল সিঁড়ির ন্যায়। তারপর, পিরামিডের সমাপ্তি কাজ সম্পন্ন হয়েছিল উপর থেকে আরম্ভ করে, এবং নিচের দিকে প্রলম্বিত হয়ে।

অপরদিকে, মোহাম্মদ শেখের কবিতাগুলো দৃষ্টিগোচর হয় পিরামিডাল কবিতা হিসেবে। ওনার পিরামিডাল কবিতাগুলো আরম্ভ ও অগ্রসর হয় উপর থেকে, এবং সেটা ঢালু হয়ে নিচের দিকে প্রলম্বিত হয়, এবং সবশেষে এর সমাপ্তি ঘটে সিঁড়ির ন্যায়। এছাড়াও, পিরামিডাল কবিতা সৃষ্টির জন্য এর একটি চিত্রণ সম্পর্কিত গড়নও রয়েছে, যেটা উপর থেকে আরম্ভ হয়ে সিঁড়ির ন্যায় ঢালু হয়ে পঙ্ক্তি স্থাপন করতে থাকে এর সমাপ্তি পর্যন্ত।

পিরামিডাল কবিতার চিত্রণ সম্বন্ধীয় গড়নের সাথে সমন্বয় রেখে, এর অলীক অগ্রগতিশীল অবয়বকে তিন ভাগে ভাগ করা হয়:


(১) সর্বাগ্রভাগের পঙ্ক্তি
(২) মৃত এইটম বা মমি
(৩) বনেদ

মোহাম্মদ শেখ সর্বাগ্রের পঙ্ক্তিকে মিশরীয় পিরামিডের সর্বাগ্রাভাগের সূক্ষ্ম পাথরের সাথে তুলনা করেছেন। এটা আরম্ভ হতে পারে কোনো পরিস্থিতি, কোনো সময়, কোনো স্থান, কোনো বস্তু, কোনো কাজের মাধ্যমে। সুতরাং, পিরামিডাল কবিতার পদকর্তার উচিত সর্বাগ্রের পঙ্ক্তির মাধ্যমে পাঠককে বোঝানো যে, কবিতাটি আসলে কোন পথে অগ্রসর হচ্ছে।

এরপর, মৃত এইটম বা মমিকে তুলনা করা হয় মিশরীয় মমিকৃত শবের সাথে। মমিকৃত শবকে পিরামিডের অনেক ভেতরে রাখা হয়। অপরদিকে, মৃত এইটম বা মমি শুধু মর্মগ্রাহী সত্ত্বাই নয়, বরং এটি কবিতার বিকাশ সাধনও বটে। অনেকের কাছে 'মৃত এইটম' শব্দদ্বয়ের এর মাঝে এইটম শব্দটি অপরিচিত মনে হতে পারে। এইটমের ইংরেজি বানান হচ্ছে 'Ehtm' যেটা মোহাম্মদ শেখের উদ্ভাবিত বিভিন্ন শব্দের আদ্যক্ষর দ্বারা গঠিত সংক্ষিপ্ত নির্দেশক শব্দ।


মোহাম্মদ শেখ ইংরেজি ভাষায় এইটম (Ehtm) এর সংজ্ঞা প্রদান করতে গিয়ে বলেন: "Ehtm is the literary person's internal weather, which is psychologically related to the words - *emotion, humor, temperament* and *mentality*"।


অধিকন্তু, মোহাম্মদ শেখ নিচের টেবিলের সাহায্যে ‘Ehtm’-এর মাঝে অধিষ্ঠিত একজন সাহিত্যিকের গুপ্ত এবং শিল্পীজনোচিত অস্তিত্ব অনাবৃত করেন:




উপরের প্রদত্ত টেবিল অনুসারে, মোটামোটা অক্ষরগুলি ক্রমান্বয়ে সাজালে ‘Mummy’ (মমি) শব্দটি পাই। প্রকৃতপক্ষে, মমি শব্দটি দ্বারা এইটমের মাঝে একজন সাহিত্যিকের গুপ্ত এবং শিল্পীজনোচিত অস্তিত্ব। পিরামিডাল কবিতার মধ্যভাগে, কবির মূল কাব্যিক চিন্তাপ্রসূত ধারণা প্রকাশ পায়, এবং যার সাথে মিশে থাকে কবির আবেগ, দেহরস, মনঃপ্রকৃতি এবং মানসপ্রকৃতি।

তারপর সবশেষে, বনেদকে তুলনা করা হয় মিশরীয় পিরামিডের ভিত্তিমূলের সাথে। কবিতার শেষের পঙ্ক্তিদ্বয়, অথবা কখনও কখনও সর্বশেষ পঙ্ক্তিটি বনেদ হিসেবে কবিতার শিরোনামের সাথে সমন্বয় রেখে সামপ্তিসূচক সংকেত প্রদান করেন। মূলত, ভিত্তিমূলের উপর একটি পিরামিড যেভাবে দাঁড়িয়ে থাকে, ঠিক একইভাবেই সাহিত্যের দৃষ্টিকোণ থেকে একটি পিরামিডাল কবিতাও তার নিজস্ব বনেদের উপর দাঁড়িয়ে থাকে। সত্যি বলতে, স্বয়ং কবিকেই বনেদ দ্বারা পিরামিডাল কবিতার অন্তকারক সৃষ্টি করতে হয়।

<table>
<tr><th>পিরামিডাল কবিতা</th><th>পিরামিড</th></tr>
<tr><td>


</td><td>


</td></tr>
<tr><td>1. সর্বাগ্রের পঙ্ক্তি<br>2. মৃত এইটম বা মমি<br>3. বনেদ</td><td>1. সর্বাগ্রাভাগ<br>2. মমিকৃত শবের ঘর<br>3. ভিত্তিমূল</td></tr>
</table>

## অলীক শারীরিক অবয়ব:

পিরামিড তৈরির মৌলিক উপাদান হল পাথর। অপরদিকে, পিরামিডাল কবিতা সৃষ্টির মুল উপাদান হল অক্ষর বা বর্ণ।



**চিত্র:** পিরামিড তৈরির মৌলিক উপাদান (পাথরসমষ্টি)

**A, a**
**B, b C, c D, d**
**E, e F, f G, g H, h**
**I, i J, j K, k L, l M, m**
**N, n O, o P, p Q, q R, r S, s**
**T, t U, u V, v W, w X, x Y, y Z, z**



**চিত্র:** পিরামিডাল কবিতা সৃষ্টির মৌলিক উপাদান (ইংরেজি বর্ণসমষ্টি)




**চিত্র:** পিরামিডাল কবিতা সৃষ্টির মৌলিক উপাদান (বাংলা বর্ণসমষ্টি)

একটি আদর্শ পিরামিডে পাথরের সমষ্টি উপরের দিকে কমতে থাকে এবং নিচের দিকে বাড়তে থাকে। অতএব, পিরামিডাল কবিতার পঙ্‌ক্তিগুলোর মাঝে যেসকল বর্ণসমষ্টি রয়েছে, তা পিরামিডের পাথর সমষ্টির মতই উপরের দিকে কমতে থাকে, এবং নিচের দিকে বাড়তে থাকে। বস্তুত, একটি পিরামিডাল কবিতা অবশ্যই সৃষ্টি হবে অক্ষরসমষ্টির ভিত্তিতে, যা হুবহু আদর্শ জ্যামিতিক মাপ ও গড়ন মেনে চলতে বাধ্য থাকবে না। কেননা, পিরামিডাল কবিতা নিখাদ জ্যামিতি নয়, বরং এটি অনাবিল কাব্যিক জ্যামিতি।


মোহাম্মদ শেখ পিরামিডাল কবিতা সৃষ্টি করেন মিশরীয় পিরামিডগুলোর শারীরিক কাঠামোর আলোকে। অভ্যন্তরীণভাবে, একটি পিরামিডাল কবিতা গঠিত হয় মিশরের গিজায় অবস্থিত ‘প্রকৃত পিরামিড’-এর পাথর সমষ্টির সাথে সমন্বয় রেখে। তারপর বাহ্যিক ভাবে, একটি পিরামিডাল কবিতা গঠিত হয় সাক্কারার ‘স্টেপ পিরামিড’-এর সিঁড়িসমষ্টির সাথে সমন্বয় রেখে।

| | |
|---|---|
|  | **পাথরসমষ্টি** = পিরামিডের অভ্যন্তরীণ ভিত। বস্তুত, একটি আদর্শ পিরামিডে পাথরের সমষ্টি স্পষ্টত উপরের দিকে কমতে থাকে, এবং নিচের দিকে বাড়তে থাকে। |
|  **Salute '1971, 16 December'**<br>Mind did fly,<br>Around the sunny Sky.<br>The sun did spread its shining ray,<br>When we acquired the touch of glorious day.<br>Blood and honor smiled that day in green atmosphere.<br>The entire nation was in the surge of delight there and here.<br>The tigers of East Pakistan lighted on the land, which was somber.<br>In fine, says Dad, O line of Bangladesh! Salute in soul '1971, 16 December'.<br>**- Sultan Mohammad Shamrat Sheikh** | **বর্ণসমষ্টি** = পিরামিডাল কবিতার অভ্যন্তরীণ ভিত। কার্যত, একটি পিরামিডাল কবিতার পাথরের বর্ণসমষ্টি উপরের দিকে কমতে থাকে, এবং নিচের দিকে বাড়তে থাকে। |
|  | **সিঁড়িসমষ্টি** = পিরামিডের বাহ্যিক ভিত। প্রকৃতপক্ষে, এই পিরামিডটি সিঁড়ির মত দৃষ্টিগ্রাহ্য হয়। |
|  **Salute '1971, 16 December'**<br>Mind did fly,<br>Around the sunny Sky.<br>The sun did spread its shining ray,<br>When we acquired the touch of glorious day.<br>Blood and honor smiled that day in green atmosphere.<br>The entire nation was in the surge of delight there and here.<br>The tigers of East Pakistan lighted on the land, which was somber.<br>In fine, says Dad, O line of Bangladesh! Salute in soul '1971, 16 December'.<br>**- Sultan Mohammad Shamrat Sheikh** | **পঙ্ক্তিসমষ্টি** = পিরামিডাল কবিতার বাহ্যিক ভিত। সত্যি বলতে, এই পিরামিডাল কবিতার পঙ্ক্তিগুলো সিঁড়ির ন্যায় দৃষ্টিগোচর হয়। |

মোহাম্মদ শেখের Salute '1971, 16 December' নামক ইংরেজি কবিতাটি নিম্নে উদাহরণস্বরূপ প্রদত্ত হল:

| | |
|---|---|
| Mind did fly, | 10 letters |
| Around the sunny Sky. | 17 letters |
| The sun did spread its shining ray, | 28 letters |
| When we acquired the touch of glorious day. | 35 letters |
| Blood and honor smiled that day in green atmosphere. | 43 letters |
| The entire nation was in the surge of delight there and here. | 49 letters |
| The tigers of East Pakistan lighted on the land, which was somber. | 53 letters |
| In fine, says Dad, O line of Bangladesh! Salute in soul '1971, 16 December'. | 56 letters including figures |

পিরামিডাল কবিতার অনন্য স্রষ্টা হিসেবে, মোহাম্মদ শেখ দৃঢ়ভাবে বিশ্বাস করেন, এই ইংরেজি কবিতাটি বিশ্ব সাহিত্যের ইতিহাসে সংবাদপত্রে প্রকাশিত সর্বপ্রথম পিরামিডাল কবিতা। কার্যত, এই কবিতাটি ***দি ইন্ডিপেডান্ট*** নামক বাংলাদেশী সংবাদপত্রের "ইয়াং এন্ড ইন্ডিপেডান্ট" নামক পৃষ্ঠায় ২০১০ সালের ১৬ই ডিসেম্বর প্রকাশিত হয়। নিম্নে সংবাদপত্রে প্রকাশিত পিরামিডাল কবিতার নমূনা উপস্থাপন করা হল:



Poetry

**Salute 1971,**
**16 December**

*Mind did fly,*
*Around the sunny sky.*
*The sun did spread its shining ray,*
*When we acquired the touch of glorious day.*
*Blood and honor smiled that day in green atmosphere.*
*The entire nation was in the surge of delight there and here.*
*The tigers of East Pakistan lighted on the land, which was somber.*
*In fine, say Dad, O line of Bangladesh, Salute in the soul '1971, and 16 December'*

— Sultan Muhammad Shoerat Sheikh

সুলতান মোহাম্মদ সম্রাট শেখ বিশ্ববিদ্যালয়ে অনার্সে অধ্যয়নরত অবস্থায়, পিরামিডাল কবিতার উপর প্রাথমিক প্রকল্প তৈরি করেন এবং এর বিস্তারিত ব্যাখা হিসেবে একটি চমৎকার সাহিত্য তত্ত্ব *The Sultanate of Pyramidal Poem* (অপ্রকাশিত) লেখা আরম্ভ করেন। বস্তুত, উনি এই তত্ত্বটির কাজ ২০০৯ সালের শেষের দিক থেকে শুরু করেন, এবং ২০১৮ সালের মাঝামাঝি সময়ে সমাপ্ত করেন। ২০১২ সালের ৫ এপ্রিল, পিরামিডাল কবিতার অনন্য স্রষ্টা হিসেবে ***দি ইন্ডিপেনডেন্ট*** পত্রিকায়, ওনার একটি বিশেষ সাক্ষাৎকার প্রকাশিত হয়, যার শিরোনাম ছিল "Catching up with an Unconventional Poet"। যাই হোক, এই স্বল্প পরিসরে পিরামিডাল কবিতার তত্ত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করা আমার পক্ষে সত্যিই দুঃসাধ্য। পরিশেষে বলা যায়, 'পিরামিডাল কবিতা' বিশ্ব সাহিত্যের ইতিহাসে কাব্যের এক স্বতন্ত্র মনশ্ছবি, যা সাহিত্য জগতে মোহাম্মদ শেখের প্রবর্তিত চিন্তন হিসেবে বিবেচিত।

**- মো. রিদওয়ানুর রহমান**

● ● ● ● ●